ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক ই পেপার

# সারাদিন

বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital media act No. : DM /34/2021 ● Gov of India Reg No : WB18D0018520 (UAN) ● Website : https://epaper.newssaradin.live/ বর্ষ ঃ ২ সংখ্যা ঃ ২৩২ ● কলকাতা ● ০৬ ভাদ্র, ১৪৩০ ● বুধবার ● ২৩ আগস্ট, ২০২৩ পৃষ্ঠা - ৬ ২ টাকা



কেন রেস্তরাঁর ব্যবসা থেকে হাত গুটিয়ে নিলেন প্রিয়াঙ্কা চোপড়া?

পৃঃ ৫




এশিয়া কাপ : ভারত-পাকিস্তান ম্যাচ নিয়ে যা বললেন কোহলি

পৃঃ ৬

## যাদবপুর কাণ্ডের আঁচ আজ বিধানসভায়!

# হুঁশিয়ারি শুভেন্দুর



**কলকাতা: নিউজ সারাদিন :** যাদবপুরের পড়ুয়ার রহস্যমৃত্যু ইস্যুতে আজ, মঙ্গলবার বিধানসভা উত্তাল হওয়ার সম্ভাবনা। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আগেই জানিয়েছিলেন, যাদবপুরের ঘটনায় কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে, তা শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু যদি মঙ্গলবার বিধানসভায় তুলে না ধরেন তাহলে বিজেপি বিধায়করা ছেড়ে কথা বলবেন না।যাদবপুরের পড়ুয়ার রহস্যমৃত্যুতে যখন তোলপাড়, তদন্ত প্রক্রিয়ায় ইতিমধ্যেই পুলিশের জালে বেশ কয়েকজন। একের পর এক চাঞ্চল্যকর তথ্য সামনে আসছে। ঠিক তখনই মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন রাজ্য সরকার ও পুলিশকে নিশানা করে ঘটনার আসল রহস্য উদঘাটনে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা সিবিআই কিম্বা এনআইএ-কে দিয়ে তদন্তের দাবি আগেই জানিয়েছেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। এবার এ ব্যাপারে কলকাতা হাইকোর্টেরও দ্বারস্থ হয়েছেন শুভেন্দু। শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর বিরুদ্ধে সুর চড়িয়ে অ্যাকশন টেকেন রিপোর্ট পেশ করা নিয়ে বিধানসভা উত্তাল করার থে হুঁশিয়ারি দিয়েছেন বিরোধী দলনেতা, তা কতটা বাস্তব রূপ পায়, তার উত্তর মিলবে কয়েক ঘন্টা পরেই। শুধুমাত্র বিধানসভাতেই নয়, বাইরেও পথে নেমে আন্দোলনের ঝাঁঝ আগামী দিনে যে আরও বাড়বে

এরপর ৩ পাতায়

## পুজো কমিটিগুলো এবার ৭০ হাজার করে

# অনুদান পাবে, ঘোষণা মমতার



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** রাজ্যে আর্থিক সংকট তীব্র। তার মধ্যেই দুর্গাপুজো কমিটিগুলির জন্য অনুদান আরও ১০ হাজার টাকা করে বাড়িয়ে দিলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় ।এখানেই শেষ নয়, মুখ্যমন্ত্রী আরও জানিয়েছেন বিদ্যুত বিল বাবদ পুজো কমিটিগুলিকে মাত্র এক তৃতীয়াংশ মাশুল দিতে হবে। আর দমকলের জন্য কোনও টাকা দিতে হবে না। আর এই অনুদান ছাড়া পরিবহণ, পর্যটন ও ক্রেতা সুরক্ষা দফতর গুলি বিজ্ঞাপন পায় প্রতিবছর। এবারও তা পাবে।

সোমবার ইমাম-মোয়াজ্জেমদের সভায় গিয়েছিলেন মুখ্যমন্ত্রী। সেখানেও তিনি ঘোষণা করেছিলেন যে ইমাম ও পুরোহিতদের জন্য মাসিক ভাতা ৫০০ টাকা করে বাড়ানো হবে। তা নিয়ে ইতিমধ্যে সমালোচনা শুরু হয়েছে। তার জবাব দিতে গিয়ে মুখ্যমন্ত্রী এদিন বলেন, ইমামরা সরকারের অনেক কর্মসূচি রূপায়ণে সাহায্য করেন। পালস পোলিও, টীকাকরণে সরকারের পাশে থাকেন ওঁরা। মানুষকে সচেতন করতে ভূমিকা নেন। আর পুরোহিতরা অনেকেই গরিব। তাঁদের অবস্থা ভাল নয়। সেই কারণেই ভাতা বাড়ানো হয়েছে। দুর্গাপুজো কমিটিগুলিকে গত বছর ৬০ হাজার টাকা করে চাঁদা দিয়েছিল রাজ্য সরকার। এ বার সেটাই ১০ হাজার টাকা বাড়িয়ে ৭০ হাজার টাকা করেছেন মুখ্যমন্ত্রী।হিসাব মতো গত বছর রাজ্যের ৪৩ হাজারের কিছু বেশি পুজো কমিটিকে অনুদান দিয়েছিল সরকার। এ জন্য খরচ হয়েছিল ২৪০ কোটি টাকা। এ বার সেই খরচ বেড়ে প্রায় ৩০০ কোটি টাকা হবে বলে মনে করা হচ্ছে।

এদিন অনুদান ঘোষণা করতে গিয়ে মমতা বলেন, 'অনুদান ঘোষণা করলে তো আবার কোর্টে চলে যাবে কেউ কেউ।

এরপর ৩ পাতায়

## পশুপতিনাথ শিব মন্দির

# প্রাঙ্গণে 'ভজন গঙ্গা'




**কলকাতা : নিউজ সারাদিন :** মাটিয়াবুর্জের ১ নম্বর ওয়ার্ডের টিজি রোডে অবস্থিত পশুপতিনাথ শিব মন্দির প্রাঙ্গণে ভজন গঙ্গার আয়োজন এবং ভোলেনাথের ভোগ বিতরণ করা হয়ে। বেলপুকুর যুব সংঘের প্রধান ব্যবস্থাপক সুরদা বাহাদুর সোনার পাপুল দাই উপরোক্ত তথ্য জানিয়েছেন। সুরদা বাহাদুর সোনার পাপুল দাই বলেন, এই মন্দিরটি প্রাচীন ও জাগ্রত। ভজন অনুষ্ঠানে নৃত্যনাট্য উপস্থিত ভক্তদের মুগ্ধ করে। শ্রাবণ মাসের প্রতি সোমবার মন্দির প্রাঙ্গণে ভোগের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ইউনিয়ন সভাপতি ধনঞ্জয় সিং, ১নং ওয়ার্ডের পছন্দের তৃণমূল নেতা রাম নরেশ যাদব, চন্দ্র বাহাদুর সোনার, সুরেশ সিং, সঞ্জয় জয়সওয়াল, অজয় কুমার বিজয় প্রমুখ।


## কাশ্মীরে ট্রেকিং করতে গিয়েছিলাম,

# তদন্তের মুখোমুখি হতে রাজি, মুখ খুললেন অরিত্র

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** যাদবপুরে ছাত্র মৃত্যুর ঘটনার ১১ দিন পর মুখ খুললেন অরিত্র মুজমদার ওরফে আলু। ঘটনার পর থেকে তাকে নিয়ে সমাজমাধ্যমে চর্চা হয়েছে বিস্তর। পুলিশ তাঁর নাম না করলেও তাদের

এরপর ৩ পাতায়



## হরিশ্চন্দ্রপুর ১ নং ব্লকের পঞ্চায়েত সমিতি

# হাতছাড়া তৃণমূল কংগ্রেসের, দখল করলেন বাম কংগ্রেস জট



**মালদা: নিউজ সারাদিন :** টানটান উত্তেজনায় ও পুলিশি নিরাপত্তার মধ্য দিয়ে আজ মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নং ব্লকের পঞ্চায়েত সমিতি গঠন প্রক্রিয়া সম্পূর্ণ হলো।এদিন সকাল দশটার সময় দেওয়া হয়েছিল বোর্ড গঠনের। সময় মত দুই পক্ষের জয়ী সদস্যরা এসে উপস্থিত হন। বাইরে প্রস্তুতি উত্তপ্ত হলেও করা পুলিশের নিরাপত্তার মধ্যে দিয়ে এই প্রক্রিয়া সম্পন্ন হয়। পঞ্চায়েত সমিতি দখল করেন বাম কংগ্রেস জোট।উল্লেখ্য মালদা জেলার হরিশ্চন্দ্রপুর ১ নং ব্লকের পঞ্চায়েত সমিতির মোট আসন সংখ্যা ২১।তৃণমূল কংগ্রেস পেয়েছে দশটি ও বাম কংগ্রেস জোট এগারটি।বোর্ড গঠন করার জন্য দরকার ছিল ১১ টি। সেইমতো ১১-১০ ব্যবধানে তৃণমূল কংগ্রেসের হাত থেকে পঞ্চায়েত সমিতি দখল করেন বাম কংগ্রেস জোট। সভাপতি হলেন কংগ্রেসের তাহমিনা খাতুন ও সহ-সভাপতি হলেন সিপিআইএমের আবু তাহের কালু।

## কবিতার মধ্যে দিয়ে

# নিজেকে খুঁজে পান বৃস্টি পারভিন



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সব সময় সবার প্রতিভা প্রকাশ পায় না, প্রতিভা থাকলেও সুযোগও মানুষ অনেক সময় পায়না। তবে বাংলার মেয়েকে যেভাবে আন্তর্জাতিক সংগঠন কাছ রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্য পুরস্কারে সম্মানিত হয়েছি,এই বাংলার গর্বিত বলে মনে করছে অনেকেই।ডন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কাউন্সিল ডি আর ডি সি গ্লোবাল

একটি আন্তর্জাতিক সংস্থা মাধ্যমে। ডি আর ডি সি -এর রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্য পুরস্কার হল সবচেয়ে মর্যাদাপূর্ণ ভারতীয় ও বৈশ্বিক সাহিত্য পুরস্কার যা ডন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কাউন্সিল ডি আর ডি সি দ্বারা একজন লেখককে তাদের "সাহিত্যের প্রতি অসামান্য অবদানের জন্য" বার্ষিক দেওয়া হয়।বাংলার মেয়ে বৃস্টি পারভিন, একজন ছাত্র এবং লেখক, তার কবিতার মাধ্যমে নিজেকে খুঁজে পেয়েছিল।সে বলেন কবিতা আমাকে বাঁচতে শিখিয়েছে, এটি আমাকে নেতিবাচকতা কাটিয়ে উঠতে সাহায্য করেছে এবং আমার মধ্যে আত্মবিশ্বাসের অনুভূতি জাগিয়েছে। আমি আমার বইটির শিরোনাম করেছি "poetry a ray of life" কারণ কবিতা আমার জীবনের আলো যা আমাকে আমার অন্ধকার মুহূর্তগুলির মধ্যে দিয়ে পথ দেখায়। তিনি এ ও জানিয়েছেন সম্প্রতি আমার বইয়ের জন্য ডন রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট কাউন্সিল গ্লোবাল থেকে রবীন্দ্রনাথ ঠাকুর সাহিত্য পুরস্কারে সম্মানিত হয়েছি। আমার কবিতার মাধ্যমে, আমি শিখেছি যে আমাদের নিজেদের উপর বিশ্বাস রাখতে হবে, নিজের মনের মধ্যে উকি মেরে নিজেকে খুঁজে পেতে হবে তবেই তো জীবনের আসল মনে বোঝা যাবে।


চুক্তিভিত্তিক মার্কেটিং জানার সাংবাদিক নিয়োগ করা হবে।
সব রাজ্যে,
সব জেলা ও মহকুমাতে।
যে সব মার্কেটিং জানা সাংবাদিকরা কাগজের সঙ্গে যুক্ত হতে ইচ্ছুক ,
যোগাযোগ করুন ৯৫৬৪৩৮২০৩১


## পূর্ব- মহামারী পরে ২০২৩ সালের প্রথমার্ধে

# দুবাই আন্তর্জাতিক পরিদর্শন এর স্তর ২০% হরে বেড়েছে



**Kolkata, 21 August 2023: নিউজ সারাদিন :** পূর্ব- মহামারী পরে ২০২৩ সালের প্রথমার্ধে দুবাই আন্তর্জাতিক পরিদর্শন স্তর ২০% হরে বেড়েছে। দুবাইয়ের অর্থনীতি ও পর্যটন বিভাগ দ্বারা প্রকাশিত সর্বশেষ তথ্য অনুসারে, দেখা গিয়েছে যে দুবাই বিশ্বের সর্বাধিক দর্শনীয় গন্তব্য হওয়ার ক্রমাগত তার লক্ষ্যের দিকে অগ্রসর হচ্ছে। দুবাই জানুয়ারী থেকে জুন ২০২৩ পর্যন্ত ৮.৫৫ মিলিয়ন আন্তর্জাতিক পযটক কে স্বাগত জানিয়েছে, এটি এইচ১ ২০১৯ -এর ৮.৩৬ মিলিয়ন পূর্ব-মহামারীর পর্যটক পরিসংখ্যান কে ছাড়িয়ে গেছে। রেকর্ড এইচ১ প্রদর্শন দুবাই ইকোনমিক এজেন্ডা ডি৩৩ এর একত্রিত লক্ষ্যে হল দুবাই কে বিশ্বের শীর্ষ তিনটি শহরের একটি শহরের হিসাবে মর্যাদা দেয়া। ২০২৩ সালের প্রথম ছয় মাসে দুবাইয়ের গড় হোটেলের দখল ৭৮% এটি বিশ্বের মধ্যে সর্বোচ্চ।

মহামান্য শেখ হামদান বিন মোহাম্মদ বিন রশিদ আল মাকতুম, দুবাইয়ের ক্রাউন প্রিন্স এবং দুবাইয়ের এক্সিকিউটিভ কাউন্সিলের চেয়ারম্যান বলেন "২০২৩ সালের প্রথমার্ধে দুবাইয়ে আন্তর্জাতিক পর্যটকদের মধ্যে উল্লেখযোগ্য বৃদ্ধি প্রমাণ করে যে এটি অন্যতম। উজ্জ্বল স্পট শুধুমাত্র বিশ্বব্যাপী পর্যটন ক্ষেত্রেই নয় বরং বিস্তৃত বৈশ্বিক অর্থনৈতিক ল্যান্ডস্কেপ।

মহামান্য ইসাম কাজিম, সিইও, দুবাই কর্পোরেশন ফর ট্যুরিজম অ্যান্ড কমার্স মার্কেটিং, বলেন "এইচ১ শিল্পের কর্মক্ষমতা আমাদের দূরদর্শী নেতৃত্বের ভবিষ্যত-ভিত্তিক কৌশলের প্রমাণ দেয় যা দুবাইকে ভ্রমণ, বসবাস এবং কাজের জন্য বিশ্বের সেরা শহর হিসাবে স্থান দেয়। একটি অত্যন্ত প্রতিযোগিতামূলক বৈশিক পর্যটন ইকোসিস্টেমের মধ্যে, দুবাই গতিকে বাড়িয়ে এবং বক্ররেখার থেকে এগিয়ে রেখেছে, প্রাথমিকভাবে আমাদের লক্ষ হল শহরের অফারগুলির বৈচিত্র্য এবং আমাদের পোর্টফোলিওর নমনীয়তা তুলে ধরা। দুবাইকে অবশ্যই দেখার গন্তব্য হিসেবে দেখানোর ক্ষেত্রে আমাদের সাফল্যের কেন্দ্রবিন্দু হচ্ছে সরকারি ও বেসরকারি খাতের মধ্যে বহু-স্তরের অংশীদারিত্বকে উৎসাহিত করা।

## যাদবপুর আমাদের চোখ খুলে দিল',

# কলকাতা পুলিশের র‍্যাগিং বিরোধী হেল্পলাইনে বললেন মুখ্যমন্ত্রী



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** র‍্যাগিং বিরোধী হেল্পলাইন চালু করল কলকাতা পুলিশ। মঙ্গলবার নেতাজি ইনডোরের অনুষ্ঠান থেকে কলকাতা পুলিশের নয়া এই হেল্পলাইনের উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

কলকাতার পাশাপাশি জেলাস্তরেও র‍্যাগিং বিরোধী হেল্পলাইন চালু করা হবে বলে জানান মুখ্যমন্ত্রী। তিনি বলেন, 'অন্যায় করবেন না। অন্যায়কে প্রশ্রয়ও দেবেন না। তবেই আমরা শান্তিপূর্ণ সমাজ উপহার দিতে পারব।'ইতিমধ্যে ১৩ জন পড়ুয়াকে গ্রেফতার করেছে পুলিশ। যাদবপুরে প্রথমবর্ষের ছাত্র মৃত্যুর ঘটনা নিয়ে হইচই শুরু হতেই খড়গপুর আইআইটি থেকে শুরু করে কলকাতা বিশ্ববিদ্যালয়, রাজ্যের বিভিন্ন জেলার শিক্ষা প্রতিষ্ঠান থেকেও উঠছে র‍্যাগিংয়ের অভিযোগ। সেকারণেই র‍্যাগিংয়ের মতো ভয়ঙ্কর এই ব্যাধী নির্মূলে কলকাতা পুলিশের এই নয়া হেল্পলাইন বলেই মনে করছে ওয়াকিবহাল মহল।

এদিন মুখ্যমন্ত্রীর উপস্থিতিতে র‍্যাগিং বিরোধী হেল্পলাইনের পথ চলা শুরুর কথা জানান পুলিশ কমিশনার বিনীত গোয়েল। পরে তাঁর অনুরোধে মুখ্যমন্ত্রী । কলকাতা পুলিশের নয়া হেল্পলাইনের উদ্বোধন করেন। হেল্পলাইন নম্বরটি হল- ১৮০০৩৪৫৫৬৭৮। পুলিশ কমিশনার জানান, এই নম্বরটি সম্পূর্ণ টোল ফ্রি। র‍্যাগিং বা এই জাতীয় কোনও রকম অভিযোগ থাকলে যে কেউ এই নম্বরে যোগাযোগ করতে পারেন। সূত্রের খবর, কলকাতার পাশাপাশি শীঘ্রই জেলাস্তরেও এমন র‍্যাগিং বিরোধী হেল্পলাইন চালু করা হবে। উদ্দেশ্য একটাই, সমাজকে র‍্যাগিং মুক্ত করা। তবে এই কাজে পুলিশকে ১০০ শতাংশ সাফল্যে পৌঁছতে হলে সাধারণ মানুষের সহযোগিতাও জরুরি।

পরে মঞ্চে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'যাদবপুরের ঘটনা আমাদের চোখ খুলে দিল। এই র‍্যাগিং আমরা বরদাস্ত করব না। সেটা শিক্ষা প্রতিষ্ঠান হোক কিংবা কর্মস্থল। কোথাও এই ধরনের ঘটনা ঘটলে টোল ফ্রি নম্বরে যোগাযোগ করবেন। আপনার পরিচয় পুরোপুরি গোপন থাকবে। পুলিশ প্রয়োজনীয় পদক্ষেপ নেবে।'

## চোখ ভাল রাখার গুরুত্ব সম্পর্কে সচতনতা প্রসারে

# ওয়ানসাইট এসিলরলাক্সোটিকা ফাউন্ডেশনের সঙ্গে ওকলে ও রোহিত শর্মা




**Kolkata 22nd August 2023: নিউজ সারাদিন :** চোখ ভাল রাখার গুরুত্ব সম্পর্কে সচেতনতা প্রসারের প্রচেষ্টা হাতে নিয়েছে ওয়ানসাইট এসিলরলাক্সোটিকা ফাউন্ডেশন, এবং চোখের যত্ন নেওয়ার স্থায়ী সুবিধা আজ যেখানে নেই, সেই সব জায়গাতেও এই সুবিধা দিয়ে চলেছে। তাদের এইসব প্রচেষ্টার সঙ্গে যুক্ত হয়েছে প্রথম সারির পারফরম্যান্স আইওয়্যার ব্র্যান্ড ওকলে, এবং যুক্ত হয়েছেন ভারতীয় ক্রিকেটের পুরুষ দলের অধিনায়ক তথা ভারতে ওকলে-র ব্র্যান্ড অ্যাম্বাসাডার রোহিত শর্মা।

গুরুগ্রামে আয়োজিত দিনব্যাপী একটি অনুষ্ঠানে আই ক্লিনিকে ১০ থেকে ১৫ বছর বয়েসি প্রায় ১০০০ শিশু চোখ দেখাতে এসেছিল। স্কুল-পড়ুয়া এই শিশুরা প্রত্যেকেই পর্যাপ্ত সুবিধা থেকে বঞ্চিত। যেসব শিশুর চোখের সমস্যা ধরা পড়েছে, তাদের প্রেসক্রিপশনে লিখে দেওয়া হয়েছিল, কত পাওয়ারের চশমা লাগবে। সেই অনুযায়ী তাদের সবাইকে নিখরচায় একটি করে চশমা দেওয়া হয়েছে ওকলে-র পক্ষ থেকে।

চোখে ভাল দেখতে পাওয়া হল একটি মৌলিক মানবাধিকার। তবুও, ক্ষীণ দৃষ্টির কোনও চিকিৎসা ছাড়াই সারা বিশ্বে ২৭০ কোটি মানুষ ভুগছেন। আজকের দিনে যেসব ব্যবস্থা রয়েছে, সেগুলির মাধ্যমে দৃষ্টিশক্তি সংক্রান্ত সমস্যার মধ্যে ৮০ শতাংশেরই সমাধান সম্ভব। তা সত্ত্বেও, প্রতি তিনজনের মধ্যে একজন সেই সুবিধা থেকে বঞ্চিত থেকে যাচ্ছেন। সমীক্ষায় দেখা গেছে, দৃষ্টিশক্তি স্বচ্ছ হলে লেখাপড়া করা, চাকরিবাকরি করা এবং সম্ভাবনা অর্জন করার ক্ষেত্রে নাটকীয় প্রভাব পড়ে। পড়ুয়াদের দৃষ্টিশক্তি স্বচ্ছ হলে তারা স্কুলে দ্বিগুণ ভাল করে লেখাপড়া করতে পারে, এবং একজন কর্মীর পারদর্শিতার সঙ্গে কাজ করার ক্ষমতা ৩৫ শতাংশ পর্যন্ত বেড়ে যা, তারা তখন ২০ শতাংশ বেশি উপার্জন করতে পারে। চোখ পরীক্ষা করানো ও চশমা পরা হল এমন কিছু শক্তিশালী উপায়, যেগুলি মানুষকে দারিদ্র থেকে শিক্ষা ও কর্ম সংস্থানের মাধ্যমে উদ্ধার করার কাজে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে থাকে।

উক্ত অনুষ্ঠান উজ্জ্বল হয়ে উঠেছিল রোহিত শর্মার উপস্থিতিতে। অনুষ্ঠানে অংশগ্রহণকারী শিশুদের সঙ্গে তাঁর একটি একান্ত মত বিনিময়ের অনুষ্ঠান হয়। সেখানে তিনি নিজের জীবনের নানা কথা শোনানোর সময় এই কথার উপর জোর দেন যে, স্বপ্ন পূরণ করার ক্ষেত্রে, বিশেষ করে খেলাধুলোয়, স্বচ্ছ দৃষ্টির গুরুত্ব কতটা। এরপর রোহিত শিশুদের সঙ্গে খেলাধুলোও করেন। রাইজ ওয়ার্ল্ডওয়াইড দ্বারা বিশেষভাবে পরিচালিত এই উদ্যোগ সম্পর্কে রোহিত শর্মা বলেন, "আমি ওকলে ও ওয়ানসাইটের এই ক্ষমতায়ন কর্মসূচির অংশ হতে পেরে সম্মানিত বোধ করছি। এই উদ্যোগ সত্যিই দৃষ্টিশক্তি ঠিক করার বিষয়ে, বিশেষ করে শিশুদের মধ্যে, সচেতনতা প্রসারে সহায়তা করার জন্য সঠিক পথেই এগিয়ে যাচ্ছে।

ভবিষ্যতের কাণ্ডারী তো শিশুরাই, তাই সময়মতো তারা যদি চোখের যত্ন নেওয়া বা চোখের চিকিৎসার সুবিধাগুলি পেতে থাকে, তাহলে তাদের ভবিষ্যৎ গড়ে তোলা ও নিশ্চিত করার ক্ষেত্রে সেই সব সুবিধা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে। ওকলে ও ওয়ানসাইট এসিলরলাক্সোটিকা ফাউন্ডেশনের সঙ্গে যুক্ত হয়ে আমাদের সমাজে পার্থক্য গড়ে তোলার কাতে আমি যে নিজের ভূমিকাটুকু পালন করতে পারছি, তার জন্য আমি কৃতজ্ঞ।"

সভাপতি, এসিলরলাক্সোটিকা দক্ষিণ এশিয়া নরসিংহন নারায়ণন বলেন, "আমরা চোখের যত্নের সুবিধা সবার কাছে, বিশেষ করে শিশুদের মধ্যে পৌঁছে দিতে, প্রতিজ্ঞাবদ্ধ কেননা এটা তাদের সামগ্রিক উন্নয়ন ও ভবিষ্যৎ সম্ভাবনায় প্রভাব ফেলে। ওয়ানসাইট এসিলটরলাক্সোটিকা ফাউন্ডেশনে আমরা সেইসব বাধা চিহ্নিত করছি যা স্বচ্ছ দৃষ্টিশক্তিতে বাধা দেয় এবং সুন্দর দৃষ্টিশক্তির রূপান্তরিত ক্ষমতা সম্পর্কে সচেতনতা প্রসার করছি।

মহারাষ্ট্র, গোয়া, কর্ণাটক, জম্মু ও কাশ্মীর সরকারের সঙ্গে আমরা গাঁটছড়া বেঁধেছি উন্নতমানের আই কেয়ার সেবা প্রদানের লক্ষ্যে। আমাদের শিশুদের সুকল্যাণে বিনিয়োগ করে আমরা আগামী প্রজন্মের উজ্জ্বলতর ভবিষ্যতে অবদান জোগাচ্ছি।'

এসিলরলাক্সোটিকার হেড অব মিশন তথা ওয়ানসাইট এসিলরলাক্সোটিকা ফাউন্ডেশনের প্রেসিডেন্ট অনুরাগ হান্স বলেন, "রোহিত শর্মা, ওকলে ও আমাদের ফাউন্ডেশন-কে নিয়ে এই যে যৌথ উদ্যোগ গড়ে উঠেছে, তার মাধ্যমে এ কথাই প্রতিফলিত হচ্ছে যে, আমরা সবাই চোখের যত্নের সুবিধা সবার কাছে পৌঁছে দিয়ে এবং খেলাধুলোর জগতে রূপান্তর নিয়ে আসার ক্ষমতাকে প্রসার করে মানুষের জীবনে পার্থক্য গড়ে তোলার জন্য অঙ্গীকারবদ্ধ। রোহিতের মতো আইকন, যাঁকে পৃথিবীর লক্ষ লক্ষ মানুষ ভালোবাসে, আমাদের সঙ্গে যোগ দিয়েছে স্বচ্ছ দৃষ্টিশক্তির গুরুত্বের সচেতনতা প্রসারে, এটা সত্যিই মানুষ ও সিদ্ধান্তগ্রহীতাদের উদ্বুদ্ধ করবে সবার জন্য স্বচ্ছ দৃষ্টিশক্তি নিশ্চিত করতে ব্যবস্থা নিতে। আমরা ভারত তথা গোটা বিশ্বে দৃষ্টিশক্তির যত্নের সচেতনতা প্রসার করছি ও স্বচ্ছ দৃষ্টিশক্তি পাওয়ার বিষয়ে জনসচেতনতা গড়ে তুলছি।'

চোখের যত্নের সুবিধা সবার কাছে পৌঁছে দিয়ে এবং খেলাধুলোয় রূপান্তরের ক্ষমতা প্রসার করে মানুষের জীবনে পার্থক্য গড়ে তোলার জন্য ওকলে, রোহিত শর্মা, ও ওয়ানসাইট এসিলরলাগজটিকা ফাউন্ডেশনের যৌথ উদ্যোগ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। মহারাষ্ট্র, গোয়া, ও কর্ণাটক সরকারের সহায়তায় ওয়ানসাইট এসিলরলাগজটিকা ফাউন্ডেশন স্কুল-পড়ুয়া শিশুদের চোখ পরীক্ষা করা ও তাদের চশমা দেওয়ার কাজটি করবে। লক্ষ্য হল, ১,০০০ শিশুর কাছে সুবিধা পৌঁছে দেওয়া।



১-ম পাতার পর

# পুজো কমিটিগুলো এবার ৭০ হাজার করে অনুদান পাবে, ঘোষণা মমতার

আমি জানি কিছু কিছু আরশোলা বসে আছে বাইরে। বলবে আমরা ক্লাবগুলোকে কিনতে চাইছি। কালকেই জনস্বার্থ মামলা ঠুকে দেবে'।
অনুদানের কারণ ব্যাখ্যা করে মুখ্যমন্ত্রী বলেন, 'আমরা টাকাটা এই কারণে দিই যে ক্লাবগুলো সরকারের প্রকল্পগুলির প্রচার করে। মানুষের সচেতনতা বাড়াতে প্রচার করে। প্রথমে আমরা শুরু করে ছিলাম ২৫ হাজার টাকা দিয়ে। কোভিডের কারণে ক্লাবগুলো সংকটে পড়েছিল। তাই ২০২১ সালে আমরা দিয়েছিলাম ৫০হাজার টাকা করে। তার পর গত বছর ৬০ হাজার টাকা করে দিয়েছিলাম। এখন কোভিড নেই। এবার তাহলে হাফ করে দিই?'মুখ্যমন্ত্রী এ কথা বলতেই নেতাজি ইনডোর স্টেডিয়াম জুড়ে 'না দিদি না দিদি' বলে ক্লাব কর্তারা হই হই শুরু করে দেন। মমতা তখন ফের হেসে বলেন, 'হাফ করে দিই এবার? তাহলে ওই কথাই রইল। পুজো কমিটিগুলো এবার ৭০ হাজার টাকা করে অনুদান পাবে'। মমতা এই ঘোষণা করতেই হাততালিতে ফেটে পড়ে নেতাজি ইনডোর।


১-ম পাতার পর

# যাদবপুর কাণ্ডের আঁচ আজ বিধানসভায়! হুঁশিয়ারি শুভেন্দুর

তা স্পষ্ট করেছে বঙ্গ পদ্ম শিবিরও।বিধানসভার বাদল অধিবেশনের দ্বিতীয় পর্যায়ের আজ দ্বিতীয় দিন। বিজেপি বিধায়করা যাদবপুর ইস্যুতে সরকার পক্ষকে আজ, মঙ্গলবার চেপে ধরার পরিকল্পনা নিয়েছেন। সব মিলিয়ে বলা যায় যাদবপুরের ঘটনার আঁচ এবার পড়তে চলেছে বিধানসভায়। বিধানসভায় শিক্ষামন্ত্রী যাদবপুর ইস্যুতে আজ কোনও অ্যাকশন টেকেন রিপোর্ট পেশ করেন কিনা সেটাই এখন দেখার। যদি সরকারপক্ষ এ ব্যাপারে কোন রিপোর্ট অধিবেশনে প্রকাশে না আনেন বিধানসভার বাদল অধিবেশনে যে সরকার পক্ষকে চেপে ধরবে রাজ্যের প্রধান বিরোধী দল বিজেপি, তা আবারও স্পষ্ট করলেন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী।কার্যত হুঁশিয়ারির সুরে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসুর উদ্দেশ্যে সংবাদমাধ্যমের মুখোমুখি হয়ে শুভেন্দু দাবি করলেন, "যাদবপুরের পড়ুয়ার রহস্যমৃত্যুতে কী কী পদক্ষেপ নেওয়া হয়েছে তা বিধানসভার অধিবেশনে জানাতে হবে ব্রাত্য বসুকে। না হলে আজ বিধানসভায়স্বপ্নদীপ ড্রে হবে। আমি ব্রাত্য বসুকে বলছি আপনি ভাল করে পড়াশোনা করে আসুন। অ্যাকশন টেকেন রিপোর্ট পেশ করতে হবে। না হলে বিধানসভার অধিবেশন চালাতে দেব না।"

১-ম পাতার পর

# কাশ্মীরে ট্রেকিং করতে গিয়েছিলাম, তদন্তের মুখোমুখি হতে রাজি,' মুখ খুললেন অরিত্র




সন্দেহভাজনের তালিকায় রয়েছেন যাদবপুরের ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রাক্তন এই ছাত্রনেতা। অবশেষে সোশ্যাল মিডিয়ায় লম্বা পোস্ট করে অরিত্রর দাবি, ঘটনার দিন তিনি হস্টেলেই যাননি।অরিত্র বিরুদ্ধে অভিযোগ ওঠে তিনি, এক প্রভাবশালী নেতার ছেলের ছত্রছায়ায় লুকিয়ে রয়েছেন। এই দাবি উড়িয়ে দিয়ে তিনি লিখেছেন, কেউ কেউ লিখেছেন রাজ্যের এক প্রভাবশালী নেতা ছত্রছায়ায় আমি লুকিয়ে রয়েছি। এই অভিযোগ অভাবনীয়। আমার এবং আমার পরিবারের দিক থেকে দেখলে তা বীভতসও।'
তবে তিনি যাবতীয় তদন্তের মুখোমুখি হতে রাজি। অরিত্র জানিয়েছেন, তিনি শীঘ্রই কলকাতা ফিরে আসছেন। নিরপেক্ষ তদন্ত, দোষীদের উপযুক্ত শাস্তি এবং র‍্যাগিংমুক্ত ক্যাম্পাসের দাবি জানিয়েছেন।যে কোনও রকম তদন্তের মুখোমুখি হতে রাজি বলে ফেসবুকে জানিয়েছেন তিনি।
যাদপুরে ছাত্রমৃত্যুর ঘটনার সঙ্গে তাঁর নাম জড়িয়ে পড়ে অরিত্র ওরফে আলুর। তাঁর খোঁদ না পাওয়া জল্পনা আরও বাড়ে। তাঁর খোঁজে যাদবপুর বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পোস্টারও পড়ে। ফেসবুক পোস্টে যাদবপুরের ছাত্র নেতা জানিয়েছেন তিনি কাশ্মীরে ট্রেকিং-এ গিয়েছিলেন। অরিত্র লিখেছেন, '৯ অগস্ট রাতে আমি যাদবপুরের মেন হোস্টেলে ঢুকিইনি। এমনকি, তার আগের বেশ কিছুকাল আমি হোস্টেলে যাইওনি। আমি সেই রাতে কেপিসি হাসপাতালেও গিয়ে উঠতে পারিনি। ফলে, গোটা অভিযোগটাই অবান্তর।' ওই পোস্টে অরিত্র আরও জানিয়েছেন, ১০ অগস্ট তিনি রাজধানী এক্সপ্রেসে করে দিল্লি যান, সেখান থেকে বিমানে করে কাশ্মীরে ট্রেকিং করতে যান তিনি। তিনি লিখেছেন, 'গত ১০ অগস্ট, ট্রেন ধরার আগে সকালে আমি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে যাই। যাঁরা সেই রাতের ঘটনার পরেই আমার ফেরার হওয়া নিয়ে প্রচার করছেন, তাঁদের অনেকের সঙ্গে দেখাও হয়েছিল সে দিন। আমি ট্রেকে যাব, সে কথা আমার রিসার্চ গাইডকে আগেই জানিয়েছিলাম।'

# ফুরফুরা শরিফ রাজনীতিতে প্রবেশ করুক চান না মমতা, নাম না করে ফের দিদির তোপ ভাইজানকে



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সংখ্যালঘুদের মধ্যে বিভাজন আনার জন্য বিজেপি নগদ টাকা ঢালছে বলে অভিযোগ করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। সোমবার নেতাজি ইনডোর স্টেডিয়ামে ইমাম-মোয়াজ্জেমদের সম্মেলনে মমতা সরাসরি বলেন, "বিজেপির কিছু নেতা সংখ্যালঘুদের ভাগাভাগি করার জন্য ক্যাশ মানি (নগদ টাকা) তুলে দিয়েছে। আর সিপিএমের তো কোনও লজ্জা নেই!" নাম না করে আক্রমণ শানান ফুরফুরা শরিফের পিরজাদা তথা ভাঙড়ের আইএসএফ বিধায়ক নওশাদ সিদ্দিকির দিকেও।রাজনৈতিক মহলে গুঞ্জন রয়েছে, ফুরফুরা শরিফের পিরজাদা পরিবারের কেউ কেউ লোকসভা ভোটে প্রতিদ্বন্দ্বিতা করতে পারেন। তাঁদের অনেকেই আবার নওশাদের দ্বারা অনুপ্রাণিত। অনেকের মতে, সে কারণেই হয়তো সামগ্রিক ভাবে সংখ্যালঘুদের কাছে বার্তা দিতে মমতা বলেছেন, তিনি চান না ফুরফুরা শরিফ রাজননীতিতে প্রবেশ করুক।

নেতাজি ইনডোর স্টেডিয়ামে মমতা সংখ্যালঘুদের উদ্দেশে মাথা ঠান্ডা রাখারও পরামর্শ দেন। তিনি বলেন, "অনেক সময়ে সংখ্যলঘুরা তাড়াতাড়ি উত্তেজিত হয়ে যান। আমি বলব, এটা করবেন না। তা হলেই বলবে, সংখ্যালঘু মানেই সন্ত্রাসবাদী। এনআইএ দিয়ে দাও।"মমতা এ-ও বলেন, তিনি চান না ফুরফুরা শরিফ রাজনীতিতে প্রবেশ করুক। তাঁর কথায়, "ফুরফুরা শরিফ রাজনীতিতে প্রবেশ করুক, আমি চাই না। যেমন চাই না, বেলুড় মঠ রাজনীতিতে প্রবেশ করুক।"
মমতার এ কথার প্রতিক্রিয়া দিতে দেরি করেনি বিজেপি। রাজ্য বিজেপির অন্যতম মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, "তৃণমূলের রাজনীতিটাই বিভাজন আর ধর্মীয় মৌলবাদকে উস্কানি দেওয়ার রাজনীতি। বিজেপি আর সঙ্ঘের ভয় দেখিয়ে তৃণমূল মৌলবাদীদের উন্মাদনা জারি রাখতে চায়। গত ১২ বছরে সংখ্যালঘুরাই সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন, সম্পত্তিহানি হয়েছে, প্রাণ গিয়েছে। বাংলার শিক্ষিত, প্রগতিশীল, সচেতন সংখ্যালঘুদেরও ভাবতে হবে, তাঁরা আর কত দিন ভোটার হয়ে বাঁচবেন।"মমতার এ কথার প্রতিক্রিয়া দিতে দেরি করেনি বিজেপি। রাজ্য বিজেপির অন্যতম মুখপাত্র শমীক ভট্টাচার্য বলেন, "তৃণমূলের রাজনীতিটাই বিভাজন আর ধর্মীয় মৌলবাদকে উস্কানি দেওয়ার রাজনীতি। বিজেপি আর সঙ্ঘের ভয় দেখিয়ে তৃণমূল মৌলবাদীদের উন্মাদনা জারি রাখতে চায়। গত ১২ বছরে সংখ্যালঘুরাই সবচেয়ে বেশি আক্রান্ত হয়েছেন, সম্পত্তিহানি হয়েছে, প্রাণ গিয়েছে। বাংলার শিক্ষিত, প্রগতিশীল, সচেতন সংখ্যালঘুদেরও ভাবতে হবে, তাঁরা আর কত দিন ভোটার হয়ে বাঁচবেন।"
মমতা নেতাজি ইনডোরে সোমবার আরও বলেন, "আর একটা জুটেছে। তাঁকে টাকা দিয়ে নেতা করবেন ভাবছেন। খালি দাঙ্গা লাগাবে!" অনেকের মতে, 'আর একটা' বলতে মমতা নওশাদকেই নিশানা করতে চেয়েছেন। তৃণমূল আগেও আইএসএফকে 'ভোট কাটুয়া' বলে আক্রমণ শানিয়েছে। মমতা নিজেও বলেছিলেন, "ওরা হায়দরাবাদের দলটার (আসাদউদ্দিন ওয়েসির মিম) মতো।" সোমবার একেবারে ইসলামি ধর্মীয় ব্যক্তিত্বদের সভায় আইএসএফকে নিশানা করলেন মুখ্যমন্ত্রী।

# চোখের ফ্লু প্রতিরোধে সতর্কতা জরুরি: ডা. রঞ্জন



**ইন্দিরাপুরম, ২২ আগস্ট, ২০২৩ (এজেন্সি) : নিউজ সারাদিন :** প্রখ্যাত চক্ষুরোগ বিশেষজ্ঞ ডাঃ রাজেশ রঞ্জন বলেছেন যে চোখের ফ্লু প্রতিরোধের জন্য সতর্ক থাকা দরকার।
রঞ্জন এক সাক্ষাৎকারে এসব কথা বলেন ড. তিনি বলেন, এটি একটি ভাইরাসজনিত রোগ, যা সাধারণত প্রতি বছর বর্ষাকালে হয়ে থাকে।
তিনি বলেন, এর প্রতিরোধে সতর্কতা অবলম্বন করতে হবে, যেমন চোখ বারবার হাত দিয়ে স্পর্শ করা উচিত নয়, আক্রান্ত ব্যক্তির বালিশ, রুমাল এবং এ জাতীয় অন্যান্য জিনিস পরিবারের অন্য সদস্যদের ব্যবহার করা উচিত নয় এবং সম্ভব হলে কিছু দূরত্ব রাখতে হবে। চোখ পরিষ্কার রাখতে সবসময় পরিষ্কার পানি ব্যবহার করতে হবে।
এক প্রশ্নের জবাবে ডাঃ রঞ্জন বলেন, চোখের ফ্লুর সমস্যা গড়ে ৫ থেকে ৭ দিন স্থায়ী হয়। কেউ কেউ আবার সুস্থ হতে দুই সপ্তাহ সময় নেয়। এই নিয়ে চিন্তা করার দরকার নেই।
এ জন্য কয়েকজন ড.রঞ্জন ড ওষুধ আছে, তবে চক্ষু বিশেষজ্ঞের পরামর্শেই খেতে হবে। তিনি বলেন, চোখ সূক্ষ্ম এবং অমূল্য বলে এটি প্রয়োজনীয়।

# দক্ষিণ আফ্রিকা এবং গ্রীস সফরের প্রাক্কালে প্রধানমন্ত্রীর বিবৃতি



**নয়াদিল্লি, ২২ আগস্ট, ২০২৩ : নিউজ সারাদিন :** দক্ষিণ আফ্রিকার রাষ্ট্রপতি শ্রী সিরিল রামাফোসার আমন্ত্রণে আমি ২২-২৪ আগস্ট দক্ষিণ আফ্রিকা সফর করবো। সফরকালে দক্ষিণ আফ্রিকার নেতৃত্বে জোহানেসবার্গে পঞ্চদশ ব্রিকস শীর্ষ সম্মেলনে অংশগ্রহণ করবো। ব্রিকস গোষ্ঠী বিভিন্ন ক্ষেত্রে শক্তিশালী সহযোগিতা গড়ে তুলে উদ্যোগী হয়েছে। এই গোষ্ঠী বিভিন্ন উন্নয়নশীল উদ্যোগ এবং বহুস্তরীয় ব্যবস্থার সংস্কার সহ বিকাশশীল রাষ্ট্রগুলির নানা সমস্যা নিয়ে আলোচনা এবং সেগুলির সমাধানের পথ খোঁজার একটি মঞ্চ হয়ে উঠেছে, আমরা একে মান্যতা দিই। ভবিষ্যতে কোন কোন ক্ষেত্রে সহযোগিতা গড়ে তুলতে হবে এবং এই সংগঠনের নানা প্রতিষ্ঠানিক উন্নয়ন নিয়ে এই শীর্ষ সম্মেলনে আলোচনা হবে। জোহানেসবার্গ সফরকালে আমি ব্রিকস শীর্ষ সম্মেলনের অঙ্গ হিসেবে ব্রিকস- আফ্রিকা আউটরিচ এবং ব্রিকস প্লাস ডায়ালগে অংশগ্রহণ করবো। সম্মেলনে আমন্ত্রিত অতিথি রাষ্ট্রগুলির সদস্যদের সঙ্গে মতবিনিময়ের অপেক্ষায় রয়েছি আমি। জোহানেসবার্গে বিভিন্ন দেশ থেকে আসা কয়েকজন নেতার সঙ্গে দ্বিপাক্ষিক আলোচনার জন্যও আমি অপেক্ষা করে আছি। দক্ষিণ আফ্রিকা থেকে ২৫ আগস্ট আমি যাবো গ্রীসের এথেন্সে। গ্রীসের প্রধানমন্ত্রী শ্রী কিরিয়াকোস মিতসোটাকিস-এর আমন্ত্রণে আমার এই সফর। প্রাচীন এই ভূমিতে এর আগে আমি কখনও যাইনি। ৪০ বছর পর গ্রীসে এই প্রথম কোনো ভারতীয় প্রধানমন্ত্রী সফর করবেন যা আমার কাছে অত্যন্ত সম্মানের। ২০০০ বছরেরও বেশি সময় ধরে আমাদের দুই সভ্যতার মধ্যে যোগাযোগ রয়েছে। বর্তমান সময়কালে অভিন্ন, গণতান্ত্রিক মূল্যবোধ, আইনের শাসন এবং বহুত্ববাদের পথ অনুসরণ করে আমাদের সম্পর্ক আরও শক্তিশালী হয়েছে। ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ, প্রতিরক্ষা, সংস্কৃতি এবং মানুষের মধ্যে যোগাযোগের ফলে দুটি দেশ আরও কাছাকাছি এসেছে। গ্রীস সফরকালে আমাদের বহুপাক্ষিক সম্পর্কের এক নতুন অধ্যায় লেখা হবে বলে আমি আশাবাদী।

# কেন্দ্র অগাস্ট মাসের জন্য দেশের অভ্যন্তরীণ বাজারের জন্য অতিরিক্ত ২ লক্ষ মেট্রিকটন চিনি বরাদ্দ করেছে

**নতুন দিল্লি, ২২ অগাস্ট, ২০২৩ : নিউজ সারাদিন :** আসন্ন ওনাম, রাখীবন্ধন উৎসব এবং কৃষ্ণ জন্মাষ্টমী উৎসবের জন্য চিনির চাহিদা বাড়ায় কেন্দ্র চলতি বছরের অগাস্ট মাসে অভ্যন্তরীণ বাজারে অতিরিক্ত ২ লক্ষ মেট্রিকটন চিনি বরাদ্দ করেছে। এই মাসের জন্য আগেই ২৩.৫ লক্ষ মেট্রিকটন চিনি বরাদ্দ করা হয়েছিল। অতিরিক্ত পরিমাণ চিনি বরাদ্দ করায় দেশের বাজারে ন্যায্যমূল্যে চিনি পাওয়া যাবে। আন্তর্জাতিক বাজারে চিনির মূল্য বিগত এক বছরে ২৫ শতাংশ বেড়েছে। এর ফলে দেশে বর্তমানে চিনির খুচরো মূল্য ৪৩ টাকা ৩০ পয়সা প্রতি কেজি। বিগত ১০ বছরে দেশের চিনি ক্ষেত্রে মুদ্রাস্ফীতি বার্ষিক ২ শতাংশেরও কম। বর্তমান চিনি মরশুমে (অক্টোবর থেকে সেপ্টেম্বর) দেশে ৩৩০ লক্ষ মেট্রিকটন চিনি উৎপাদনের সম্ভাবনা রয়েছে। দেশের অভ্যন্তরীণ বাজারে প্রায় ২৭৫ লক্ষ মেট্রিকটন চিনি প্রয়োজন। ভারতে এখন চাহিদা পূরণের জন্য পর্যাপ্ত পরিমাণে চিনি মজুত রয়েছে। বর্তমানে চিনির যে মূল্য বৃদ্ধি হয়েছে, তা শীঘ্রই কমবে বলে আশাকরা হচ্ছে। খুব স্বল্প সময়ের জন্য ন্যূনতম এই মূল্যবৃদ্ধি।

ভারতের সর্বাধিক বাংলা দৈনিক ই পেপার
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
২ বর্ষ ২৩২ সংখ্যা ২৩ আগস্ট, ২০২৩ বুধবার ০৬ ভাদ্র, ১৪৩০

## সম্পাদকীয়

## বর্তমান কোভিড ১৯ পরিস্থিতি এবং প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে উচ্চ পর্যায়ের বৈঠক করলেন প্রধানমন্ত্রীর প্রধান সচিব

বিশ্বের বিভিন্ন অঞ্চলে সার্স-কোভ-টু ভাইরাসের নতুন প্রকারভেদের সন্ধান মেলায় আমাদের দেশ সহ আন্তর্জাতিক ক্ষেত্রে বর্তমান কোভিড পরিস্থিতি এবং প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে পর্যালোচনা বৈঠক করেছেন প্রধানমন্ত্রীর প্রধান সচিব ড: পি কে মিশ্র। জনস্বাস্থ্যে এর প্রভাব কতটা পড়তে পারে তা নিয়ে বৈঠকে বিশদে আলোচনা হয়। বৈঠকে উপস্থিত ছিলেন নীতি আয়োগের সদস্য ড: বিনোদ পল, ক্যাবিনেট সচিব শ্রী রাজীব গৌবা, প্রধানমন্ত্রীর দফতরের উপদেষ্টা শ্রী অমিত খারে, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের সচিব শ্রী সুধাংশ পন্থ, ডিএইচআর-এর সচিব তথা আইসিএমআর-র মহানির্দেশক শ্রী রাজীব বাহাল, জৈব প্রযুক্তি দফতরের শ্রী রাজেশ এস গোখেল এবং প্রধানমন্ত্রীর অতিরিক্ত সচিব শ্রীমতি পুণ্যসলিলা শ্রীবাস্তব। সারাবিশ্বে কোভিড-১৯ পরিস্থিতির একটি সামগ্রিক ছবি তুলে ধরেন স্বাস্থ্যসচিব। সেখানে উঠে আসে বিএ.২.৮৬(পিরোলা) এবং ইজি.৫(এরিস)-র মতো সার্স-কোভ-টু ভাইরাসের নতুন নানা প্রকারভেদের প্রসঙ্গ। তিনি বলেন, বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্য অনুযায়ী ইজি.৫(এরিস)-র সন্ধান পাওয়া গেছে ৫০টিরও বেশি দেশে। চারটি দেশে মিলেছে বিএ.২.৮৬(পিরোলা)। গত ৭ দিনে সারাবিশ্বে ২,৯৬,২১৯ জন কোভিড সংক্রমিত হয়েছেন। বিশ্বের জনসংখ্যার প্রায় ১৭ শতাংশের বাসভূমি হলেও ভারতে এসময় সংক্রমিত হয়েছেন মাত্র ২২৩ জন (সারা বিশ্বে নতুন সংক্রমিতের সংখ্যার ০.০৭৫%)। স্বাস্থ্যসচিব আরও বলেন, সারাদেশে নতুন কোভিড সংক্রমণের দৈনিক গড় ৫০-র নীচে রয়েছে। সাপ্তাহিক সংক্রমণের হার ০.২%-র কম। ভারতে বর্তমানে কোভিডের যে প্রকারভেদগুলি সক্রিয় তাদের জিন বিন্যাস সংক্রান্ত তথ্যাদিও তুলে ধরেন তিনি। বিস্তারিত আলোচনার পর ড: পি কে মিশ্র বলেন, দেশের কোভিড-১৯ পরিস্থিতি নিয়ন্ত্রণে এবং জনস্বাস্থ্য ব্যবস্থাপনা প্রস্তুত থাকলেও আইএলআই/এসএআরআই সংক্রমণের গতিবিধির দিকে রাজ্যগুলিকে নজর রাখতে হবে এবং কোভিড-১৯ পরীক্ষার জন্য পর্যাপ্ত নমুনা পাঠাতে হবে। সার্বিকভাবে জিন বিন্যাসের ব্যবস্থাপনাকে প্রস্তুত রাখা এবং সারাবিশ্বের পরিস্থিতির দিকে লক্ষ্য রাখাও দরকার।

## পিঁপড়ে কামড়ালেও ইডি- সিবিআই এখন পাঠিয়ে দিচ্ছে : মুখ্যমন্ত্রী

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** এখন তো একটি পিঁপড়ে কামড়ালেও ইডি- সিবিআই পাঠিয়ে দিচ্ছে। প্রতিদিন আমার পারিবারের ওপর অত্যাচার করছে। কাল সারারাত ওরা তল্লাশি করেছে। পরশুদিন ছেলেটা বাড়ি ফিরেছে। আর কাল তার অফিসে ওরা চলে গেছে। মঙ্গলবার নেতাজি ইনডোর স্টেডিয়ামে দুর্গাপুজো কমিটিগুলোর সঙ্গে বৈঠকে বক্তব্য রাখতে গিয়ে এই মন্তব্য করেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।মমতা বন্দ্যোপাধ্যায় আরোও বলেন দেখবেন ভবিষ্যতে এই বিজেপি সরকার ক্লাব-গুলোর কাছ থেকেও হয়তো জিএসটি আদায় করবে। একটি নকুল দানা কিনতে গেলেও এখন জিএসটি দিতে হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর অভিযোগ জিএসটি বাবদ যে পরিমাণ টাকা রাজ্য থেকে কেন্দ্র নিয়ে যাচ্ছে তার ষাট শতাংশ টাকা ফেরাচ্ছে না সঠিক সময়। বিজেপির প্রতি কটাক্ষ করে মুখ্যমন্ত্রীর মন্তব্য কোন কোন ক্লাবকে গিয়ে বলছেন অর্থ সাহায্য করবে। কোভিডের সময় বাংলা যখন দুর্গা পুজো নিজে করতে পেরেছে এই পুজো করার জন্য আর বহিরাগত কারোর কোন সাহায্য প্রয়োজন নেই বলে মুখ্যমন্ত্রী এদিন নেতাজি ইনডোর স্টেডিয়াম থেকে স্পষ্ট জানিয়ে দেন।কেন্দ্রীয় সরকারকে বিধে মুখ্যমন্ত্রীর মন্তব্য পুজো কমিটিগুলোর কাছ থেকে ট্যাক্স আদায় করতে গিয়েছিল। বিপদ বুঝে পিছু হটতে বাধ্য হয়েছে। মুখ্যমন্ত্রী আরও বলেন কাল সারারাত ওরা তল্লাশি করেছে ।আমাকে কেউ বলেনি ।আজ সকালে আইনজীবির কাছ থেকে জানতে পারলাম। মুখ্যমন্ত্রী অভিযোগ কেন্দ্রীয় এজেন্সি গুলি তল্লাশি চালানোর সময় আগাম কোন কিছু জানাচ্ছে না। বাড়িতে কেউ না থাকলে তালা ভেঙে ঢুকে পড়ছে সেখানে। বাড়িতে চা তৈরি করার লোক থাকলেও তাকে বাইরে বের করে দিচ্ছে। মুখ্যমন্ত্রী প্রশ্ন তোলেন, খালি বাড়িতে কোন বিস্ফোরক বা বন্দুক কেউ লুকিয়ে রেখে যাচ্ছে কিনা কিংবা টাকা ভর্তি ব্যাগ নিয়ে এজেন্সির লোকেরা সেখানে ঢুকে পড়ছে কিনা এই গ্যারান্টি কে দেবে। দেশের প্রধানমন্ত্রী প্রতি মুখ্যমন্ত্রী প্রশ্ন বিদেশ সফরে গিয়ে বলেন সকলকে উনি একসঙ্গে নিয়ে চলেন, আর বিরোধী রাজ্যগুলিতে উনি অন্য আচরণ করছেন। এদিন অভিষেক বন্দ্যোপাধ্যায়ের নাম মুখে না আনলেও সোমবার সারারাত ইডির বিষ্ণুপুর নিউ আলিপুর ও বিভিন্ন এলাকায় তল্লাশি প্রসঙ্গে নেতাজি ইন্ডোর স্টেডিয়ামে দুর্গাপুজো কমিটিগুলির সঙ্গে বৈঠকে কেন্দ্রীয় এজেন্সি ইস্যুতে ক্ষোভ উগরে দেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। কেন্দ্রীয় এজেন্সি তল্লাশি করতে গিয়ে বাড়ির লোকজনদের থাকতে দিচ্ছে না। এমনকি কেউ ইংরেজি ভাষায় দক্ষ না হলেও অথবা বাংলা ড্রাফট ভালোভাবে লিখতে না পারলেও যদি আইনজীবীর সাহায্য নিতে চায় তাহলে দেওয়া হচ্ছে না বলে এদিন মুখ্যমন্ত্রী অভিযোগ করেন।

## পৃথিবীর সৃষ্টির মূলে দেবাদিদেব মহাদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

তবে আমরা এটা সবাই জানে তেত্রিশ কোটি দেবতার একেক জনের একেক রকমের বেশ। তবে এর মধ্যে শিব ঠাকুরের পোশাক কিন্তু বেশ 'ইউনিক'। বাঘছালকে পোশাক হিসেবে পরতে দেখা যায় একমাত্র তাঁকেই।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# মানুষের মধ্যেই ভগবান



মৃত্যুঞ্জয় সরদার

(প্রথম পর্ব)

এক ভক্ত এক গ্রামের মধ্যে থেকে বাড়ি বাড়ি ভিক্ষা করতে করতে যাচ্ছে, ইতি মধ্যে এক বাড়িতে প্রবেশ করে ডাক ছাড়ে মা কিছু ভিক্ষা দেবে।সূর্য ডোবার অবস্থায় তিনি ক্লান্তিতে এক গাছের তলায় বসেছেন, সেখানে এক পাগল শুয়ে ছিল, তার ক্লান্তি দেখে পাগল বুঝতে পারলো, পাগল প্রশ্ন করল আপনি কোন সমস্যার মধ্যে আছেন, ভক্ত তাকে বললেন ভগবান কাল রাতে আমার স্বপ্নে এসেছিল আমাকে একটু মানুষের মাংস জোগাড় করতে বলেছেন, সারা দুনিয়া তন্ন তন্ন করে সবার কাছে চাইলাম, কেউ মাংস দিতে রাজি হলো না।

ঠিক সেই সময় পাগল বলল আমি কখনো ভগবানের নাম করিনি, ভগবানকে অর্পণ করার জন্য আমি যদি মাংস দিই তাতে হবে, ভক্ত বলল কেন হবে না অবশ্যই হবে, পাগল বলে তাহলে একটা পাত্র দিন, ভক্ত একটা পাত্র দিল পাগল সামান্য একটু মাংস নিজের শরীর থেকে কেটে সেই পাত্রে দিলেন, মন্ত্র ভক্ত মহানন্দে ভগবানের পুজো দিয়ে ভগবানকে অর্পণ করলেন, রাতে স্বপ্নে আবার ভগবান আসলেন, ভক্ত বলল ভগবান আপনার শর্ত আমি পূরণ করেছি এবার আমায় বলুন কিভাবে ওই মহিলার সন্তান হল, ভগবান বলল তুমি এখনো বুঝলেনা, তুমি মাংস খুঁজতে সারা দুনিয়া হন্যে হয়ে ঘুরেছ কেউ দেয়নি, এক পাগল দিল।

তাহলে শোনো কেন ওই মহিলার গর্ভে সন্তান হলো, পাগল একদিন ওই মহিলার কাছে গেল, প্রচণ্ড ক্ষুধার্ত ছিল গিয়ে বলল মা কিছু খেতে দে মহিলা ঘর থেকে দুটো রুটি এবং এক গ্লাস জল পাগলকে দিলেন, পাগল রুটি খেয়ে জলের গ্লাস থেকে জল খেয়ে মনে খুব আনন্দ পেল বলল মা আসি, ওই মহিলার চোখ মা ডাক শুনে আবার জলে ভরে এল, পাগল বলল মা তুমি কাঁদছো, মহিলা বললো না মানে আমার তো কোনো সন্তান নেই মা বলে কেউ ডাকলে আমার চোখ ভরে আসে, পাগল বলল হবে তোর সন্তান হবে, এই বলে চলে গেলেন। তাহলে তুমি বলো যে ঈশ্বরকে নিজের অঙ্গ থেকে মাংস অর্পণ করতে পারে, সে যদি কাউকে আশীর্বাদ করে তাকে ঠেকানোর ক্ষমতা কি কারো আছে কারোর নেই, ভক্ত বলল হে ভগবান আমায় ক্ষমা করো আমি তোমার লীলা বুঝতে পারিনি।

সকালে ঘুম থেকে উঠেই ভক্ত ওই মহিলার বাড়ীতে চলে গেলেন, গিয়ে ওই মহিলাকে ধন্যবাদ দিলেন বললেন মা তোমার জন্য আমি একটা দারুন শিক্ষা পেয়েছি, যে ঈশ্বরের সেবা শুধু ঈশ্বরকে ডাকলেই হয়না, ঈশ্বরকে না ডেকে ও ঈশ্বরের সেবা করা যায়। এদিকে মানুষ সভ্যতার শুরু থেকেই প্রশ্ন করে এসেছে। মানুষ অবাক দৃষ্টিতে আকাশের দিকে চেয়ে থেকেছে। প্রশ্ন করেছে নিজের স্বার্থে, প্রশ্ন করেছে অন্যের স্বার্থে। সেই প্রশ্নই মানুষকে দিয়েছে জ্ঞানের আলো, দিয়েছে নতুন দিশা, দিয়েছে অনেক সৃষ্টি। কিন্তু এমন কিছু প্রশ্ন মানুষ করে এসেছে যার উৎপত্তি ছিল প্রাথমিক-স্তরে সেই ভয় থেকে। যে সমস্ত প্রশ্নের উত্তর মানুষ মনে করত একমাত্র ধর্মই দিতে পারে। তাই মানুষ সেই ধর্মেরই দ্বারস্থ হয়ে এসেছে। সেই প্রশ্নগুলি কী রকম! যেমন, আমি কে! আমি কোথা থেকেই-বা এসেছি! কোথায় সবকিছুর শুরু, ইত্যাদি। একটা সময় ছিল মানুষ ভয় পেয়েছে প্রকৃতিকে, ভয় পেয়েছে প্রকৃতির রোষকে।মানুষ প্রশ্ন করেছে বিদ্যুৎ কেন চমকায়! কেন ঝড়বৃষ্টি হয়। মানুষ প্রশ্ন করেছে কেন সূর্যগ্রহণ, চন্দ্রগ্রহণ হয়।সূর্য কেন একদিকে উদিত হয়, অন্যদিকে অস্ত যায়! মানুষ কেন অসুস্থ হয়! কেন মানুষের জন্মহয়! কেনই-বা মৃত্যু আসে! কেন সন্তানরা তাঁদের পিতা-মাতার মতনই দেখতে হয়! জীবন কেন এত জটিল! ধর্মের দ্বারস্থ হওয়াতে, মানুষের কাছে সেই উত্তরগুলি ছিল অনেক সহজ। জটিলতায় না গিয়ে যদি ধরে নেওয়া যায় কোনো ধর্ম, কোনো ভগবান এই সবের জন্যে দায়ী, এই সবের জন্যে পর্দার আড়ালে, যাকে দেখা যায় না, অথচ কল্পনা করা যায়, আবার কোনো ক্ষেত্রে দেখাওযায়, এই রকমই কিছু একটা শক্তি সবকিছুর পিছনে, তাহলেই তো কেল্লা ফতে। সেটাই তো সহজ উত্তর। মাথা-ব্যথার ঝামেলা নেই, যুক্তি খাড়া করার ঝামেলা নেই, বিশ্লেষণ করার কোনো ঝামেলা নেই। মানুষ যুগ যুগ ধরে সেইভাবে সবকিছু মেনেও নিয়েছে। আজও অনেকে এইসব মেনে নেয়। এর পিছনে কারণ! হয় তারা বিজ্ঞান বোঝেনা, অথবা বুঝতে চায় না, অথবা বিজ্ঞানসম্মত উপায়েতো বোঝার কোনো আগ্রহ তাদের নেই। আর আগ্রহ যখন নেই তখন সেই বিষয় নিয়ে সময় নষ্ট করবার মতন সময়ও ওদের নেই। তা বলে বিজ্ঞান এবং বিজ্ঞানীরা কিন্তু থেমে থাকেননি, চুপ করে ঘরে বসে থাকেন নি। তাঁদের চেষ্টা স্থবির হয়ে যায়নি। সময়ের সঙ্গে এইসমস্ত প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে বিজ্ঞান ও বিজ্ঞানীরা দিয়ে এসেছেন।বিদ্যুৎ কেন চমকায় সেই উত্তর আমরা আজকে জানি। বৃষ্টি কেন হয় সেই উত্তরও আমরা জানি। সূর্যগ্রহণ, চন্দ্রগ্রহণ কেনহয় সেই উত্তর আজ আমাদের আর অজানা নয়। বিজ্ঞান যথাযথভাবে সেইসব প্রশ্নের উত্তর সময়ের সঙ্গে সঙ্গে দিয়ে এসেছে। আরও বেশকিছু প্রশ্নের উত্তর, যা মানুষ ভাবত বিজ্ঞান কোনোদিনই দিতে পারবে না, তাও সময় এগিয়ে চলার সঙ্গে বিজ্ঞান মানুষকে দিয়ে চলেছে। ভবিষ্যৎকে দেখা যায় না, শুধুমাত্র কৃতবিদ্য অনুমান করা যায়। সেই অনুমান থেকে এবং অতীতের বিজ্ঞানচর্চার মাধ্যমে মানুষের বিভিন্ন প্রশ্নের জবাব দেওয়ার সফলতা এবং ধারাবাহিকতা বিচার বিবেচনা করলে এই ভরসাই করা যায় আগামীদিনে বিজ্ঞান শুধু আশার আলোই দেখাবে। অন্যদিকে মানুষের মধ্যে ভগবান আছে জানতে বহু বই পড়ি ,তার কিছুটা লেখার টচকা তথ্য তেই তুলে ধরি। এই লেখাটির মধ্যে সমৃদ্ধি বাড়বে।বললেন, তোমরা উভয়েই আমার আত্মীয়, সেই কারণে আমি তোমাদের কারোর পক্ষ থেকেই যুদ্ধ করব না। একদিকে আমি নিরস্ত্র একা থাকব আর অন্যদিকে সংসারের সুসজ্জিত ও পরাক্রমশালী অক্ষৌহিনী নারায়ণী সেনা। দুর্যোধন মনে মনে ভাবলেন, এই নিরস্ত্র কৃষ্ণকে নিয়ে আমি কী করব? তিঁনি তো যুদ্ধও করবেন না। তখনই অর্জুন শ্রী কৃষ্ণকে বললেন, ভগবান ! আপনি এ কি বলছেন, আপনি নিরস্ত্র থাকুন, যুদ্ধ করুন বা না করুন, আমি আপনার সাথেই থাকব। আপনি আমার সাথে থাকলে আমি সবার সাথে একাই লড়তে পারবো। আপনি ছাড়া সবকিছুই অর্থহীন। আমি শুধু আপনাকেই চাই। এতে দুর্যোধন মনে মনে প্রসন্ন হয়ে ভগবানকে বললেন, আমিও আপনাকেই চেয়েছিলাম, কিন্তু অর্জুন তো আমার অনুজ, সে যখন আপনাকে অনুরোধ করেছে, তখন আপনি তার সঙ্গে যান। দুর্যোধন খুব খুশি হয়ে সেখান থেকে চলে গেলেন এবং ভাবতে লাগলেন যে যিনি সবচেয়ে শক্তিশালী যোদ্ধা তিনিই যুদ্ধ করবেন না এবং আমিও এত বিশাল ও পরাক্রমী সেনাবাহিনী পেয়েছি। শল্য ছিলেন যুধিষ্ঠিরের মাতুল, কিন্তু দুর্যোধন তার আতিথেয়তা করেন। তার জন্য এবং তার সেনাবাহিনীর জন্য সমস্ত ব্যবস্থা করেছিলেন। দুর্যোধন বিভিন্ন স্থানে শিবির করেছিল, যেখানে ভোজনালয়, বিনোদনের সুব্যবস্থা ছিল। শল্যের মনে হল এই সবই যুধিষ্ঠির করেছেন। শল্য যখন সেই আতিথেয়তা উপভোগ করে কুরুক্ষেত্রে পৌঁছতে চলেছেন, তখন কর্ণ ও দুর্যোধন তাদের শিবিরে পৌঁছে গেলেন, শল্য তাদের দেখে রেগে গেলেন, তখন তারা দুজনেই শল্যকে বলেন, আপনি আমাদের মামা। আপনার কোন অসুবিধা হচ্ছে কিনা জিজ্ঞেস করতে এসেছি। শল্য অবাক হয়ে বলল, এই সব আয়োজন কি তোমার? দুর্যোধন বললেন, যুধিষ্ঠিরের মতো দরিদ্রের কাছে ভোজনেরও কোনো ব্যবস্থা নেই, তাহলে সে কীভাবে আপনার এই বিশাল অক্ষোহিনী সেনাবাহিনীর জন্য সব ব্যবস্থা করবে? আপনি আমারও মাতুল, আমি কীভাবে আপনার অবহেলা করব? মাতুল শল্য যুধিষ্ঠিরের নিকট একটি পত্র লিখে জানালেন যে আমি ভ্রমবশতঃ পথে আতিথেয়তা গ্রহণ করেছি এই ভেবে যে সমস্ত শিবির আপনার দ্বারা স্থাপন করা হয়েছিল। এই সমস্ত প্রতারণা দুর্যোধন করেছে। এখন আমি তার আতিথেয়তা গ্রহণ করেছি, তাই আমাকে তার

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# সিনেমার খবর

## শাহরুখের 'জওয়ান' তৈরিতে কত কোটি টাকা খরচ?



**স্টাফ রিপোর্টার : নিউজ সারাদিন :** আগামী ৭ সেপ্টেম্বর মুক্তি পাবে শাহরুখ খানের 'জওয়ান'। তার আগেই চারদিকে সিনেমাটি নিয়ে উন্মাদনা তুঙ্গে। চলতি বছরের শুরুতে মুক্তি পেয়েছিল 'পাঠান'। যে ছবির বক্স অফিস সাফল্য ছুঁয়েছিল কয়েকশো কোটি টাকা। তারপর 'জওয়ান'-এর প্রচার ঝলকও নজর কেড়েছিল অনুরাগীদের।


ভারতীয় গণমাধ্যমে বলা হয়েছে, অ্যাটলি পরিচালিত এই ছবি শাহরুখের জীবনের অন্যতম ব্যয়বহুল ছবি। 'জওয়ান' ছবিটি তৈরির জন্য নাকি ৩০০ কোটি টাকা খরচ করেছেন শাহরুখ। শুধু তা-ই নয়, নায়ক তার ভক্তদের জন্য কোনো রকম ত্রুটি রাখতে চাননি। অনেকের ধারণা, 'জওয়ান' এ বছরের সবচেয়ে বড় বাজেটের ছবি হতে চলেছে। শাহরুখের জীবনেও সবচেয়ে ব্যয়বহুল ছবি।

শাহরুখ আগে থেকেই ধারণা করেছিলেন 'পাঠান' বড় মাপের ছবি হতে চলেছে। তাই 'জওয়ান'-তৈরির সময় কোনো কমতি রাখতে চাননি তিনি। টিমের সদস্যরাও নায়কের সঙ্গে তাল মিলিয়েছেন।

শাহরুখের ঘনিষ্ঠ সূত্র জানায়, 'পাঠান'র থেকেও বেশি ব্যয়বহুল ছবি তৈরির চেষ্টা করেছেন নায়ক, যাতে আগের ছবির থেকেও বেশি দর্শকের কাছে পৌঁছায়। 'পাঠান'র বাজেট ছিল ২৫০ কোটি টাকা। এত কিছুর মাঝে সংযুক্ত আরব আমিরাতে ইতিমধ্যেই শুরু হয়ে গেছে 'জওয়ান'র টিকিটের অগ্রিম বুকিং।

সম্প্রতি টুইটারের পাতায় বিভিন্ন মাল্টিপ্লেক্সের ওয়েবসাইটের ছবি শেয়ার করেছেন এক নেটাগরিক ও শাহরুখ অনুরাগী। সেখানেই দেখা যাচ্ছে, ইউএই-এর একাধিক মাল্টিপ্লেক্সে 'জওয়ান'-এর টিকিটের অগ্রিম বুকিং শুরু হয়ে গেছে।

## আরো নির্ভীক, লজ্জাহীন পূজা ভাট



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** প্রথমবারের মতো বিগ বসের ঘরে পা রাখেন বলিউডের জনপ্রিয় নির্মাতা মহেশ ভাটের মেয়ে অভিনেত্রী পূজা ভাট। সদ্যই শেষ হওয়া 'বিগ বস ওটিটি টু' আসরে সেরা ৫-এ ঠাঁই করে নেন তিনি।


কেমন ছিল পূজার জন্য বিগ বসের অভিজ্ঞতা? ভারতীয় সংবাদমাধ্যমের এমন এক প্রশ্নের উত্তরে এই অভিনেত্রী জানান, এত মানুষের ভালোবাসা পেয়ে আমি অভিভূত। আমার মনে হয়, অনেক আগে সিনেমা ছেড়ে 'বিগ বস'-এ আসা উচিত ছিল।

কেন অংশ নিয়েছিলেন এই প্রতিযোগিতায়, সেটা জানিয়ে পূজা বলেন, আমাকে অনেকেই বারণ করেছিল বিগ বসে অংশ না নিতে। তবে আমার এমন কিছু করতে ইচ্ছে হয়েছিল, যা আমাকে হয় ডুবিয়ে দিবে নয়তো ভাসাবে। অনেক মানুষ আমাকে না করেছিল। বলেছিল, এই শো'তে অংশগ্রহণ করলে আমি লোকের চোখে খারাপ হয়ে যাবো। কিন্তু আমি তাদের কারো কথাই শুনিনি। আমার মধ্যে একটা জেদ ছিল যে এবার অংশ নিতেই হবে।

এই প্রতিযোগিতায় অংশ নিয়ে পূজার জীবনে অনেক কিছু বদলে গেছে। বিষয়টা জানিয়েছেন অভিনেত্রী নিজেই। পূজার ভাষ্য, আমার মনে হয়, 'বিগ বস'-এ আসার পর আমি আরো বেশি নির্ভীক, লজ্জাহীন হয়েছি। আমি আরো খোলামেলা কথা বলতে চাই, পরিপূর্ণভাবে জীবনে বাঁচতে চাই।

বিগ বসের চূড়ান্ত পর্বে বাদ পড়েন পূজা। কিন্তু প্রতিযোগিতা থেকে বেরিয়ে এসে একবারের জন্যও 'বিগ বস' নিয়ে খারাপ কিছু বলেননি তিনি। উল্টো জানিয়েছেন, বাবা মহেশ ভাটের অনুরোধে বিগ বসের ঘরে যেতে রাজি হয়েছিলেন। আর আজ যখন ফিরেছেন, তখন অনেকের ভালোবাসা পেয়েছেন।

## ২০০ কোটির ক্লাবে অপ্রতিরোধ্য 'গদর ২'



**নিজস্ব সংবাদদাতা : নিউজ সারাদিন :** বলিউডে ২০০৩ সালে বক্স অফিসে ইতিহাস সৃষ্টি করেছিল 'গদর: এক প্রেম কথা'। সানি দেওল আর আমিশা পাটেলের সিনেমাটি তখন রেকর্ড গড়েছিল। ২০ বছর পর গত ১১ আগস্ট মুক্তি পেয়েছে নতুন সিকুয়েল 'গদর ২'। এই ছবিতে আবারও তারা সিং হিসেবে ২২ বছর পর ফিরে এসেছেন সানি দেওল। সাকিনা হিসেবে আমিশা প্যাটেলকেই দেখা গেছে এখানে। ছবিটি মুক্তি পাওয়ার ১ সপ্তাহের মধ্যেই এটি ২০০ কোটি রুপির গণ্ডি ছাপিয়ে গেল। বক্স অফিসে দুরন্ত সাফল্যের পর এখন পার্টি মুডে অভিনেতা।

ছবিতে জিতের চরিত্রে রয়েছেন পরিচালক অনিল শর্মার ছেলে উৎকর্ষ শর্মা। 'গদর ২' ছবিতে উঠে এসেছে ১৯৭১ সালের ঘটনা। পাকিস্তান তখন 'ক্রাশ ইন্ডিয়া' স্লোগানে সরব। তখন সেই অবস্থায় ছেলেকে পাকিস্তানি সেনার হাত থেকে তারা সিং কী করে ছাড়িয়ে আনে সেটাই দেখানো হয়েছে। ছবিতে 'মে নিকলা গাড্ডি লেকে' এবং 'উড় যা কালে কাওয়া' গানটি আছে।

ছবি ২০০ কোটির গণ্ডি টপকাতেই পার্টি মুডে দেখা গেল সানিকে। 'গদর ২'-এর গোটা টিমকে নিয়ে তিনি একটি প্রাইভেট বিমানের মধ্যেই আনন্দ, হইহইতে মেতে ওঠেন। তাদের সিটি মারতে, হাসাহাসি করতে দেখা যায় ভিডিওতে। এক ব্যক্তি বলে ওঠেন, '২০০ কোটির গণ্ডি টপকে গেলাম আমরা।' তখন বিমানের সিটে বসে আনন্দে চেঁচিয়ে ওঠেন সানি।

প্রসঙ্গত, গত ১১ আগস্ট 'গদর ২' ছবিটির সঙ্গে মুক্তি পেয়েছিল অক্ষয় কুমার এবং পঙ্কজ ত্রিপাঠী অভিনীত 'ওএমজি ২'। সেই ছবিটিও বক্স অফিসে ভালো সাড়া পেয়েছে। কিন্তু 'গদর ২'-কে কোনও ভাবেই টেক্কা দিতে পারেনি। লাফিয়ে লাফিয়ে বেড়েছে এই ছবির আয়।

## কেন রেস্তরাঁর ব্যবসা থেকে হাত গুটিয়ে নিলেন প্রিয়াঙ্কা চোপড়া?



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন :** বলিউডের অন্যতম জনপ্রিয় অভিনেত্রী প্রিয়াঙ্কা চোপড়া। এরপর ভারতীয় তারকা থেকে আন্তর্জাতিক স্তরে উত্তরণ হয়েছে তার। বর্তমানে দাপটের সঙ্গে কাজ করছেন হলিউডেও। অভিনেত্রীর পাশাপাশি এখন সফল উদ্যোক্তাও তিনি।

অভিনয়ের পাশাপাশি প্রযোজনায় হাত পাকিয়েছেন আগেই। উদ্যোক্তা হিসেবে ইতোমধ্যেই সফল এক প্রসাধনী সংস্থার মালিক তিনি। নিউ ইয়র্কে 'সোনা' নামক একটি রেস্তরাঁও খুলেছিলেন বছর দুয়েক আগে। সেই রেস্তরাঁর ব্যবসা থেকে এবার হাত গুটিয়ে নিলেন প্রিয়াঙ্কা। তবে ঠিক কী কারণে এমন সিদ্ধান্ত তাৎক্ষণিকভাবে তা জানা যায়নি।

লন্ডন থেকে ছুটি কাটিয়ে সম্প্রতি আমেরিকায় ফিরেছেন প্রিয়াঙ্কা চোপড়া। এখন 'জোনাস ব্রাদার্স'-এর সঙ্গে 'দ্য ট্যুর'-এ ব্যস্ত রয়েছেন প্রিয়াঙ্কার স্বামী নিক জোনাস। তার বিভিন্ন কনসার্টেই এখন দেখা যাচ্ছে প্রিয়াঙ্কাকে। 'সিটাডেল'-এর পর এবার 'হেডস অব স্টেট' সিরিজের শুটিংয়ে মন দিয়েছেন অভিনেত্রী।

## উয়েফা বর্ষসেরা

# খেলোয়াড়ের তালিকায় মেসি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** কেভিন ডি ব্রুইনা ও আর্লিং হালান্ডের সঙ্গে গত মৌসুমে ইউরোপীয় ফুটবলের বর্ষ সেরা খেলোয়াড়ের সংক্ষিপ্ত তালিকায় স্থান পেয়েছেন বিশ্বকাপ জয়ী আর্জেন্টাইন সুপার স্টার লিওনেল মেসি।

ইতোমধ্যে ইউরোপীয় ফুটবলকে বিদায় জানিয়ে যুক্তরাষ্ট্রের ইন্টার মিয়ামিতে যোগ দিয়েছেন আর্জেন্টাইন অধিনায়ক। ১২ বছরের ফুটবল ইতিহাসে দুইবার উয়েফা বর্ষসেরার খেতাব জিতেছেন মেসি। দুইবারই ইউরোপীয় চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা জিতেছিল তার ক্লাব বার্সেলোনা। তবে গত মৌসুমের চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা জিতেছে ম্যানচেস্টার সিটি।

বর্ষ সেরা পুরুষ ফুটবল কোচের খেতাবের জন্য এবার ফেভারিট ম্যানসিটির কোচ পেপ গার্দিওলা। তার অধীনেই গত মৌসুমে ইংল্যান্ডের ক্লাবটি জয় করেছে চ্যাম্পিয়ন্স লিগ, প্রিমিয়ার লিগ ও এফএ কাপের শিরোপা। ওই পুরস্কারের জন্য গার্দিওলার সঙ্গে মনোনয়ন পেয়েছেন চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে যাওয়া সিরি-এ লিগের ক্লাব ইন্টার মিলানের কোচ সিমোন ইনজাগি ও ইতালীর সিরি-এ লিগের শিরোপা জয় করা নাপোলির কোচ লুসিয়ানো স্পালেত্তি।

আগামী ৩১ আগস্ট মোনাকোতে চ্যাম্পিয়ন্স লিগের ড্র অনুষ্ঠানে ঘোষনা করা হবে বিজয়ীদের নাম। নারী বিশ্বকাপ শেষ হবার পর আগামী সপ্তাহে ঘোষণা করা হবে উয়েফা বর্ষ সেরা নারী ফুটবলার ও কোচের নাম।

কাতার বিশ্বকাপের ফাইনালে আর্জেন্টিনার বিপক্ষে ফ্রান্সের হ্যাটট্রিকসহ আট গোল করার পরও সংক্ষিপ্ত ওই তালিকায় জায়গা পাননি মেসির প্যারিস সেন্ট জার্মেই (পিএসজি) সতীর্থ কিলিয়ান এমবাপ্পে। ইউরোপ ভিত্তিক কোচ ও সাংবাদিকদের ভোটে ষষ্ঠ অকস্থানে এই ফরাসি তারকা। ভোটাভুটিতে এমবাপ্পের উপরে স্থান পেয়েছেন ম্যানচেস্টার সিটির মিডফিল্ডার ইকে গুন্ডোগান ও চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালে ফলাফল নির্ধারনী গোলদাতা রড্রি সৌদি আরবের প্রো লিগে পাড়ি জমানোয় উয়েফা প্যানেলের কোন ভোট পাননি পর্তুগাল সুপার স্টার ক্রিস্টিয়ানো রোনাল্ডো ও ব্রাজিলীয় তারকা নেইমার।

## আল হিলালে নাম লেখালেন

# বিশ্বকাপ মাতানো বোনো



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** সৌদি আরবে চলছে ফুটবলের নতুন এক বিপ্লব। ক্রিশ্চিয়ানো রোনালদোকে দিয়ে শুরু। এরপর একে একে করিম বেনজেমা, সাদিও মানে, এনগালো কান্তে, রবার্তো ফিরমিনো হয়ে ব্রাজিলিয়ান সুপারস্টার নেইমার জুনিয়র। এবার সৌদি প্রো লিগের ক্লাব আল হিলালে নাম লেখালেন কাতার বিশ্বকাপে মরক্কো রূপকথার নেপথ্য কারিগর ইয়াসিন বোন।

শুক্রবার (১৮ আগস্ট) মধ্যরাতে নিজেদের খেলোয়াড় হিসেবে ৩২ বছর বয়সী ইয়াসিনকে পরিচয় করিয়ে দিয়েছে আল হিলাল। জানা গেছে, শিগগিরই হবে তার মেডিকেল।

স্প্যানিশ ক্লাব সেভিয়ার হয়ে দারুণ ছন্দেই ছিলেন বোনো। গতবছরই ক্লাবকে জিতিয়েছেন ইউরোপা লিগের শিরোপা। কিন্তু তাকেই এবার ছেড়ে দিয়েছে সেভিয়া।

## আরও আগ্রাসী ক্রিকেট

# খেলতে চায় পাকিস্তান



**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন :** সবশেষ দুই আইসিসি ইভেন্টে (২০২১ ও ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপ) শেষ চারে জায়গা করে নিয়েছিল পাকিস্তান ক্রিকেট দল। এশিয়া কাপেও বর্তমান রানারআপ তারা। তবে এবার আরও বেশি আগ্রাসী ক্রিকেট উপহার দিতে চায় পাকিস্তান।

আফগানিস্তানের বিপক্ষে সিরিজ এবং এশিয়া কাপের কথা মাথায় রেখে লাহোর এবং করাচিতে অনুশীলন ক্যাম্প করেছিল পাকিস্তান। সেই ক্যাম্পে খেলোয়াড়দের আগ্রাসী ক্রিকেটের অনুপ্রেরণা দিয়েছে দলের কোচ গ্র্যান্ট ব্যাডবার্ন। জানিয়েছেন, পাকিস্তান বিশ্ব ক্রিকেটের নেতা হতে চায়।

ব্র্যাডবার্ন সংবাদমাধ্যমে বলেন, 'আমরা নেটে দক্ষতা দেখানোর জন্য প্রশিক্ষণ দিচ্ছি না। আমরা ম্যাচে কৌশল ব্যবহার করার জন্য কাজ করছি। এটা কোচের পক্ষ থেকে খেলোয়াড়দের কাছে নিছক কোন অনুরোধ নয়। দলে থাকার জন্য এটি তাদের প্রয়োজন। কারণ খেলাটি বিশ্বব্যাপী এগোচ্ছে। আমরা বিজয়ীদের মতোই ক্রিকেট খেলতে চাই। আমাদের খেলোয়াড়দের কাছ থেকে এটি দাবি করতে হবে। ক্রিকেট প্রতিনিয়ত এগিয়ে যাচ্ছে এবং আমরা ক্রিকেটের নেতা হতে চাই।'

আসন্ন বিশ্বকাপ এবং এশিয়া কাপে এমন আগ্রাসী ক্রিকেট খেলার জন্য মুখিয়ে আছে ম্যান ইন গ্রিন-রা। নিজেদের আসন্ন ম্যাচগুলোর প্রথম একাদশ কেমন হবে, তাও সাজিয়ে রেখেছেন ব্যাডবার্ন, 'আমরা আমাদের প্রথম একাদশ নিয়ে পুরোপুরি নিশ্চিত আছি। আমরা যেভাবে খেলতে চাই, আমাদের ব্যাটিং পদ্ধতির নিয়েও পরিষ্কার। আমরা কীভাবে আক্রমণ করতে চাই, বিশেষ করে মধ্য ওভারে, সে সম্পর্কে আমরা খুব স্পষ্ট।'

## মেজর লিগ সকারে

### ক্যারিয়ার শেষ করতে চান গ্রিজমান



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** যুক্তরাষ্ট্রের ফুটবল লিগ থেকে শুরু করে সেখানকার ক্রীড়া ও সংস্কৃতি আর পরিবেশ, সবকিছুর প্রতি অনুরাগের কথা নানা সময়েই বলেছেন অঁতোয়ান গ্রিজমান। এখন তার সেই আকর্ষণ আরও বেড়ে গেছে লিওনেল মেসির কারণে, যাকে গ্রিজমান মনে করেন ইতিহাসের সেরা ফুটবলার। আর্জেন্টাইন জাদুকরের মতোই আতলেতিকো মাদ্রিদের এই ফরাসি তারকা একদিন পা রাখতে চান যুক্তরাষ্ট্রের ফুটবলে। ক্যারিয়ার শেষ করতে চান তিনি মেজর লিগ সকারে খেলে। ইন্টার মায়ামিতে যোগ দিয়েই যুক্তরাষ্ট্রের ফুটবলে তোলপাড় ফেলে দিয়েছেন মেসি। সময়ের সেই আলোড়ন আরও বেড়েছে তার অসাধারণ পারফরম্যান্সে। মেজর লিগ সকারে (এমএলএস) কোনো ম্যাচ তিনি খেলেননি এখনও পর্যন্ত। তবে লিগস কাপে তার অসাধারণ নৈপুণ্যেই অপ্রতিরোধ্য গতিতে ছুটছে মায়ামি। ৬ ম্যাচে ৯ গোল করে ফেলেছেন বিশ্বকাপজয়ী তারকা, গোলে সহায়তা করেছেন আরও ৩টি। যে দল টানা ১১ ম্যাচ ছিল জয়বিহীন, মেসিকে নিয়ে সেই দলই একের পর এক জয়ে পৌঁছে গেছে লিগস কাপের ফাইনালে। যুক্তরাষ্ট্রের ফুটবলে মেসির এই ছুটে চলা নিবিড়ভাবে অনুসরণ করছেন গ্রিজমান। লা লিগা ও ইএসপিএনের আয়োজনে এক ভার্চুয়াল সেশনে এই ফরোয়ার্ড বললেন, এমএলএসের জন্য বড় অর্জন মেসিকে পাওয়া। গ্রিজমান নিজেও যে যুক্তরাষ্ট্রে যেতে চান, এই সুযোগে তা জানিয়ে রাখলেন আবার। তবে তা এখনই নয়। গত মৌসুমেও লা লিগার সেরা ফুটবলারদের একজন ছিলেন তিনি। গোল করেছিলেন ১৫টি। গোলে সহায়তা করেছিলেন ১৬টি, যা ছিল লিগের সবার মধ্যে সর্বোচ্চ। ৩২ বছর বয়সী তারকা আতলেতিকোর হয়ে আলো ছড়িয়ে যেতে চান আরও কিছুদিন। সময় হলে তিনি পা রাখবেন যুক্তরাষ্ট্রের ফুটবল আঙিনায়। তিনি বলেন, আমি তো সবসময়ই এটা বলেছি, আমার লক্ষ্য সেখানেই (যুক্তরাষ্ট্রে) ক্যারিয়ার শেষ করা। আমেরিকান ক্রীড়ার যা সবকিছু আমার ভালো লাগে, এমএলএসে খেলা এবং উপভোগ করা, নিজের সেরা পর্যায়ে থেকেই নানা কিছু জয় করা, এসব আমি চাই। তবে প্রথমত, এখানে আতলেতিকোর হয়ে ইতিহাস গড়তে চাই ও ট্রফি জিততে চাই। এরপর দেখবৃ লিও, বুসি (সের্হিও বুসকেতস), জর্দির (আলবা) যোগ দেওয়াটা আমার মনে হয়, ওই লিগের জন্য দারুণ ব্যাপার। এসবের সঙ্গে তরুণ ফুটবলারদের যাগ করা, বিশেষ করে দক্ষিণ আমেরিকার তরুণ প্রতিভাদের দলে নেওয়া, এই পথ ধরেই ওই লিগ এগিয়ে যেতে পারে।

সাম্প্রতিক সময় অবশ্য ইউরোপ ছেড়ে তারকা একে একে পাড়ি জমাচ্ছেন সৌদি আরবের ফুটবলে। সেখানে আর্থিক হাতছানিনা এত আকর্ষণীয় যে, সম্ভাবনা উড়িয়ে দিচ্ছেন না গ্রিজমানও। তবে সেই ভাবনাও তুলে রাখতে চান ভবিষ্যতের জন্য। আপাতত তিনি ইতিহাস গড়তে চান আতলেতিকোর হয়ে। তিনি বলেন, আমার সঙ্গেও যদি একরম হয় (প্রস্তাব আসে সৌদি থেকে), তাহলে আমার পরিবার ও বাচ্চাদের সঙ্গে কথা বলতে হবে, তারা যা দিচ্ছে, সেই সংখ্যাটা (পারিশ্রমিক) খুবই বেশি, যা আর্থিক নিরাপত্তা দিতে পারে। তিনি আরও বলে, তবে আপাতত আমি আরও উন্নতি করতে চাই, গোল করতে চাই, গুরুত্বপূর্ণ হয়ে থাকতে চাই, লিগ জিততে চাই এবং চ্যাম্পিয়ন্স লিগে লড়াই করতে চাই। এই সব লক্ষ্যই আছে। ব্যক্তিগতভাবে আমার জন্য ব্যাপারটি হলো, গত মৌসুম থেকে আরও উন্নতি করা, ১৬-১৭ গোল করা, যা আমাকে ক্লাবের ইতিহাসের সর্বোচ্চ গোল স্কোরার করে তুলবে। এটা আমাকে তাড়না জোগাচ্ছে।

## ১১ মাস পর মাঠে ফিরছেন

# বুমরাহ, চোখ শুধুই বিশ্বকাপে



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইনজুরি থেকে সুস্থ হয়ে দীর্ঘ ১১ মাস পর ভারতীয় দলে ফিরেছেন পেসার জসপ্রিত বুমরাহ। তার নেতৃত্বেই শুক্রবার থেকে আয়ারল্যান্ড সফরে তিন ম্যাচের টি-টোয়েন্টি সিরিজ শুরু করছে ভারত। তবে জয় দিয়ে বুমরাহ'র প্রত্যাবর্তনকে স্মরণীয় করে রাখতে চায় ভারত।

এশিয়া কাপের আগে আয়ারল্যান্ডের বিরুদ্ধে খেলে নিজেকে পরীক্ষা করে নেবেন বুমরাহ। তবে আয়ারল্যান্ড বা এশিয়া কাপ নয়, বুমরাহর লক্ষ্য শুধুই বিশ্বকাপ। এই বছর অক্টোবর-নভেম্বরে ভারতের মাটিতেই হবে বিশ্বকাপ। সেই প্রতিযোগিতায় নামার জন্য অপেক্ষায় আছেন তিনি।

গত বছর সেপ্টেম্বরে পিঠের ব্যথার কারণে ক্রিকেটের বাইরে চলে যান বুমরাহ। অস্ত্রোপচার হয় তার। চোট সারিয়ে আয়ারল্যান্ডের বিরুদ্ধেই মাঠে ফিরছেন তিনি। শুধু বোলার নয়, অধিনায়ক হিসেবেও আয়ারল্যান্ডের বিরুদ্ধে দেখা যাবে বুমরাহকে। বুমরাহ বলেন, এক দিনের বিশ্বকাপের আগে কোনো টেস্ট নেই। আমি শুধু টি-টোয়েন্টি ম্যাচ খেলার জন্য নিজেকে তৈরি করিনি। আমার লক্ষ্য সব সময়ই এক দিনের বিশ্বকাপ। সেটার জন্যই নিজেকে তৈরি করেছি। আমি ১০ থেকে ১৫ ওভার বল করেছি নিয়মিত। অনুশীলনে বেশি ওভার বল করলে অল্প ওভার বল করতে অসুবিধা হবে না। এক দিনের ম্যাচ খেলার জন্য নিজেকে তৈরি রাখছি। শুধু চার ওভার বল করব বলে ফিরিনি।

অনুশীলনে নিজেকে উজাড় করে দিচ্ছেন বলে জানিয়েছেন বুমরাহ। তিনি বলেন, কে আমার থেকে কী আশা করছে, সেটা নিয়ে আমি ভাবছি না। আমি শুধু উপভোগ করতে চাই। এত দিন ধরে ক্রিকেটের বাইরে কখনো থাকিনি। যে খেলাটাকে ভালোবাসি, সেটার জন্যই ফিরে এসেছি। ১১ মাস আগেও যেমন ছিলাম, এখনও তেমনই আছি। নিজের উপর আত্মবিশ্বাস আছে। জানি অনেক দিন পর মাঠে ফিরছি। কিন্তু মাঠে ফিরে আমি খুশি। জাতীয় ক্রিকেট একাডেমিতে অনেকটা সময় কাটিয়েছি। এখন আমি সুস্থ। মাঠে নামার জন্য মুখিয়ে আছি।

এত দিন ধরে মাঠের বাইরে থাকা যে খুব যন্ত্রণার, সেটাও জানিয়েছেন বুমরাহ। তিনি বলেন, খুব হতাশ লাগে যখন চোট সারতে এত সময় লাগে। আমি আত্মবিশ্বাস হারাইনি। চেষ্টা করছিলাম কীভাবে দ্রুত মাঠে ফেরা যায়। শরীরকে সময় দেওয়া প্রয়োজন। এই ১১ মাসকে কখনও জীবনের খারাপ সময় হিসেবে দেখিনি। লোকে কী বলছে সেটা নিয়ে ভাবিনি। পরিবারের সঙ্গে সময় কাটিয়েছি। ইতিবাচক মানসিকতা ছিল আমার। তবে ক্রিকেট থেকে দূরে থাকার কষ্টটা বুঝতে পেরেছি।

## সমালোচনার মুখে এবার ইমরানকে

# রেখে নতুন ভিডিও প্রকাশ পিসিবির



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** ইমরান খান ১৯৯২ বিশ্বকাপজয়ী পাকিস্তান দলের অধিনায়ক ছিলেন। পাকিস্তান ক্রিকেট বোর্ডের (পিসিবি) চেয়ারম্যানের দায়িত্বও পালন করেছেন। তাকে পাকিস্তান ক্রিকেট ইতিহাসের অবিচ্ছেদ্য অংশ বললে বিন্দুমাত্র ভুল হবে না। কিন্তু এই কিংবদন্তিকে রেখেই পাকিস্তান ক্রিকেটের ইতিহাস নিয়ে ভিডিও তৈরি করেছে পিসিবি। বিষয়টি নিয়ে সমালোচনার সৃষ্টি হয়।

সমর্থকদের মধ্যে অনেকেই মনে করেন রাজনৈতিক প্রতিহিংসার কারণেই ইমরানের ছবি ব্যবহার করেনি পিসিবি। ইমরানের সতীর্থরাও বিষয়টির সমালোচনা করেন। এবার তোপের মুখে পড়ে নতুন করে ভিডিও প্রকাশ করেছে পাকিস্তান ক্রিকেট বোর্ড (পিসিবি)। সেই ভিডিওতে রাখা হয়েছে ইমরান খানের ছবি।

দুই মিনিট ৩৫ সেকেন্ডের নতুন ভিডিওটি নিয়ে পিসিবি লেখে, '২০২৩ বিশ্বকাপ সামনে রেখে পিসিবি প্রচারণামূলক কার্যক্রম শুরু করেছে। তারই অংশ হিসেবে ২০২৩ সালের ১৪ আগস্ট একটি ভিডিও আপলোড করা হয়। সেই ভিডিওটি ছিল সংক্ষিপ্ত, অনেক গুরুত্বপূর্ণ মুহূর্ত বাদ পড়ে গিয়েছিল। পূর্ণাঙ্গ ভিডিওতে সেই ভুলগুলো সংশোধন করা হয়েছে।'

উল্লেখ্য, পাকিস্তানের হয়ে বেশ সমৃদ্ধ এক ক্যারিয়ার পার করেছেন ইমরান। ৮৮ টেস্টে ৩৬২ উইকেট নিয়েছেন তিনি। ৬ সেঞ্চুরি ও ১৮ হাফ সেঞ্চুরিতে সাবেক এই অলরাউন্ডারের রান ৩ হাজার ৮০৭। ওয়ানডেতে ১৭৫ ম্যাচে নিয়েছেন ১৮২ উইকেট। রঙিন পোশাকে ১ সেঞ্চুরি ও ১৯ হাফ সেঞ্চুরিতে করেছেন ইমরানের রান ৩ হাজার ৭০৯।

## এশিয়া কাপ :

# ভারত-পাকিস্তান ম্যাচ নিয়ে যা বললেন কোহলি



**স্টাফ রির্পোটার : নিউজ সারাদিন :** এশিয়া কাপ শুরু হতে খুব বেশিদিন বাকি নেই। আগামী ৩০ আগস্ট শুরু হবে ছয় দলের মহাদেশীয় এই আসর। পাকিস্তান ও শ্রীলঙ্কার মাটিতে অনুষ্ঠিত হবে ওয়ানডে সংস্করণের এই প্রতিযোগিতা। তবে এবারের এশিয়া কাপ নিয়ে ভারত-পাকিস্তানের মধ্যে পানি ঘোলা কম হয়নি।

পাকিস্তান এই টুর্নামেন্টের মূল আয়োজক। কিন্তু ভারত সেখানে খেলতে যেতে রাজি না হওয়ায় দ্বিতীয় ভেন্যু হিসেবে শ্রীলঙ্কাকে বেছে নিয়েছে এশিয়ান ক্রিকেট কাউন্সিল (এসিসি)। আগামী ২ সেপ্টেম্বর শ্রীলঙ্কায় মুখোমুখি হবে চিরপ্রতিদ্বন্দ্বী ভারত-পাকিস্তান। তবে সেই ম্যাচের আগেই বিরাট কোহলি জানালেন ভারত-পাকিস্তান ম্যাচের আওয়াজ নাকি অন্য রকম। এই ম্যাচের দর্শকও আলাদা রকমের হয়।

সম্প্রতি এক সাক্ষাৎকারে কোহলি বলেন, এই ম্যাচের আবহাওয়াটাই আলাদা রকমের। মাঠের বাইরে দর্শকরা সেই পরিস্থিতি তৈরি করেন। সেটাকে অস্বীকার করা যায় না। যখন খেলতে নামি, তখন যদিও মনে হয় না যে এই ম্যাচ আলদা। বাইরে যে পরিস্থিতি তৈরি হয়, সেটা ক্রিকেটারদের উপর প্রভাব ফেলতে পারে। কিন্তু ক্রিকেটারদের তাতে ভেসে যাওয়া উচিত নয়। উপভোগ করা উচিত। সেটাই আমাদের কাজ।

■ স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ■ সম্পাদক মৃত্যুঞ্জয় সরদার, ফোন ঃ ৯৫৬৪৩৮২০৩১ ■ মুখ্য সম্পাদক ঃ ড. রতন কুমার বাড়ৈ
■ Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR and Published at 19D, Jamir Lane, Kolkata -700019 ■ Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR